



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

[সর্বশেষ সংশোধনীসহ মুদ্রিত, এপ্রিল, ২০১৬]
বিক্রয় মূল্য : ৩৪০/= (তিনশত চল্লিশ) টাকা মাত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

THE CONSTITUTION OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

[সর্বশেষ সংশোধনীসহ মুদ্রিত, এপ্রিল, ২০১৬]

[Printed with latest amendment, April, 2016]

উপক্রমণিকা

বাংলাদেশের জনগণের ইচ্ছায় তাহাদের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা রচিত জনগণের অধিকারের দলিল 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান'। দেশের জনগণ সর্বময় ক্ষমতার অধিকারী, এই সংবিধান তাহাদেরই অভিব্যক্তি, তাই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন। সংবিধানে মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ প্রতিফলিত হইয়াছে। এই সংবিধান রাষ্ট্র পরিচালনার মূলনীতি, জনগণের মৌলিক অধিকার এবং রাষ্ট্রের নির্বাহী বিভাগ, আইন সভা ও বিচার বিভাগের কার্যপরিধিসহ সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহের নিয়ামক দলিল। সংবিধান যেহেতু দেশের সর্বোচ্চ আইন, সেহেতু সংবিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ কোন আইন বৈধ নয় এবং এমন কোন আইন বা ইহার অংশ বিশেষ যদি সংবিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ হয়, তাহা হইলে সেই আইন বা আইনের অংশবিশেষ বাতিল বলিয়া গণ্য হইবে। সর্বোপরি, সংবিধান দেশের মূল দলিল, তাই ইহার উৎস ও বিধানাবলী সম্পর্কে জনগণকে অবহিত করা রাষ্ট্রের কর্তব্য।

বাঙালী জাতির স্বাধিকার সংগ্রামের ইতিহাসে ১৯৭০-৭১ এর সাধারণ নির্বাচন একটি মাইলফলক। উক্ত নির্বাচনে বাংলাদেশের জনগণ পাকিস্তান জাতীয় পরিষদের মোট ৩১৫টি আসনের পূর্ব-পাকিস্তানের ১৬৯টি আসনের মধ্যে ১৬৭টিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগের প্রার্থীগণকে নির্বাচিত করিয়া পাকিস্তানের জাতীয় পরিষদে একক সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে সংবিধান প্রণয়নসহ জনগণের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অধিকার সুনিশ্চিত করিবার পক্ষে সুস্পষ্ট ম্যাডেট প্রদান করিয়াছিলেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলন হইতে ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনের মাধ্যমে পাকিস্তানের শাসক গোষ্ঠির শোষণের হাত হইতে মুক্তির যে দাবী দানা বাঁধিয়াছিল এই নির্বাচনের বিজয় সেই দাবী পূরণের আশা জাগ্রত করিয়াছিল। কিন্তু, ভদানীন্তন পাকিস্তানের সামরিক জাভা এই রায়কে অমান্য করিয়া জনগণের আশাকে পদদলিত করিবার ষড়যন্ত্রে লিপ্ত হইলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের অধিকার আদায়ের দাবীতে অসহযোগ আন্দোলনের ডাক দেন। অসহযোগ আন্দোলন চলাকালে ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে বাঙালী জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকায় রেসকোর্স ময়দানে বাংলার ইতিহাসে সর্ববৃহৎ জনসভায় এক ঐতিহাসিক ভাষণে আপামর জনসাধারণকে রাজনৈতিক প্রেক্ষাপট বর্ণনা করিয়া স্বাধীনতা সংগ্রামের জন্য প্রস্তুত হইবার ডাক দেন এবং ঘোষণা করেন "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"।

তদুপরি, রক্তপাতহীন স্বাধীনতা প্রাপ্তির প্রত্যাশায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের সামরিক জাভা এবং রাজনৈতিক নেতাদের সহিত ঢাকায় আলোচনার বসেন। কিন্তু, ১৯৭১ সালের ২৫শে মার্চ দিবাগত রাত্রিতে পাকিস্তানি সামরিক বাহিনী বাঙালীদের উপর অতর্কিত হামলা চালাইয়া নির্বিচারে গণহত্যা, ধর্ষণ, অগ্নিসংযোগসহ বিভিন্ন মানবতা বিরোধী অপরাধ সংঘটন করিতে থাকে। এমতাবস্থায়, ১৯৭১ সালের ২৬শে মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকায় বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন। এই ঘোষণা বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারিত হয়।

১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে বাংলাদেশের নির্বাচিত জনপ্রতিনিধিগণ স্বাধীন-সার্বভৌম গণপ্রজাতন্ত্রী হিসাবে বাংলাদেশের প্রতিষ্ঠা ঘোষণাপূর্বক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ইতোপূর্বে ঘোষিত স্বাধীনতা দৃঢ়ভাবে সমর্থন ও অনুমোদন করেন এবং আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র জারীর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করিয়া মুক্তিযুদ্ধ পরিচালনা আরম্ভ করেন। ১৯৭১ সালের ১৭ই এপ্রিল তারিখে নির্বাচিত প্রতিনিধিগণের উপস্থিতিতে মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে।

বাংলাদেশের জনগণ বাঙালী জাতির অস্তিত্ব ও মর্যাদা রক্ষার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদাত্ত আহ্বানে ষষ্ঠক্ষুণ্ড সাড়া দেয় এবং বীরত্বপূর্ণ স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করিয়া সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর চূড়ান্ত বিজয় অর্জন করে। বিজয় অর্জনের এক বৎসরের মধ্যেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে নির্বাচিত প্রতিনিধিগণ সংবিধানের খসড়া প্রস্তুত করেন, যাহা ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর গণপরিষদে গৃহীত ও পাস হয় এবং একই বৎসরের ১৬ই ডিসেম্বর কার্যকর হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

সূচীপত্র
প্রস্তাবনা
প্রথম ভাগ
প্রজাতন্ত্র

অনুচ্ছেদ ৪

- ১। প্রজাতন্ত্র
- ২। প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা
- ২ক। রাষ্ট্রধর্ম
- ৩। রাষ্ট্রভাষা
- ৪। জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক
- ৪ক। জাতির পিতার প্রতিকৃতি
- ৫। রাজধানী
- ৬। নাগরিকত্ব
- ৭। সংবিধানের প্রাধান্য
- ৭ক। সংবিধান বাতিল, হুমিডকরণ, ইত্যাদি অপরাধ
- ৭খ। সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য

দ্বিতীয় ভাগ রাষ্ট্র পরিচালনার মূলনীতি

- ৮। মূলনীতিসমূহ
- ৯। জাতীয়তাবাদ
- ১০। সমাজতন্ত্র ও শোষণমুক্তি
- ১১। গণতন্ত্র ও মানবাধিকার
- ১২। ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা
- ১৩। মালিকানার নীতি
- ১৪। কৃষক ও শ্রমিকের মুক্তি
- ১৫। মৌলিক প্রয়োজনের ব্যবস্থা
- ১৬। গ্রামীণ উন্নয়ন ও কৃষি-বিপ্লব
- ১৭। অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা
- ১৮। জনস্বাস্থ্য ও নৈতিকতা
- ১৮ক। পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
- ১৯। সুযোগের সমতা
- ২০। অধিকার ও কর্তব্যরূপে কর্ম
- ২১। নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য
- ২২। নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ
- ২৩। জাতীয় সংস্কৃতি
- ২৩ক। উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সংস্কৃতি
- ২৪। জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি
- ২৫। আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন

**THE CONSTITUTION OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**

CONTENTS

PREAMBLE

PART I

THE REPUBLIC

Article :

1. The Republic
2. The territory of the Republic
- 2A. The state religion
3. The state language
4. National anthem, flag and emblem
- 4A. Portrait of the Father of the Nation
5. The capital
6. Citizenship
7. Supremacy of the Constitution
- 7A. Offence of abrogation, suspension, etc. of the Constitution
- 7B. Basic provisions of the Constitution are not amendable

PART II

FUNDAMENTAL PRINCIPLES OF STATE POLICY

8. Fundamental principles
9. Nationalism
10. Socialism and freedom from exploitation
11. Democracy and human rights
12. Secularism and freedom of religion
13. Principles of ownership
14. Emancipation of peasants and workers
15. Provision of basic necessities
16. Rural development and agricultural revolution
17. Free and compulsory education
18. Public health and morality
- 18A. Protection and improvement of environment and bio-diversity
19. Equality of opportunity
20. Work as a right and duty
21. Duties of citizens and of public servants
22. Separation of judiciary from the executive
23. National culture
- 23A. The culture of tribes, minor races, ethnic sects and communities
24. National monuments, etc.
25. Promotion of international peace, security and solidarity

১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির জনক ও তৎকালীন রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁহার পরিবারের অধিকাংশ সদস্যকে হত্যা করিয়া কতিপয় উচ্চাভিলাষী ব্যক্তি সামরিক বাহিনীকে ব্যবহারের মাধ্যমে সংবিধান লংঘন করিয়া অবৈধভাবে ক্ষমতা দখল করে ও সামরিক আইন জারী করে। সামরিক আইন ফরমান দ্বারা পবিত্র সংবিধানকে পরিবর্তনের উসিয়ায় ক্ষত-বিক্ষত করা হইয়াছে। এই সকল কর্মকান্ড সংবিধানের ৭ অনুচ্ছেদে বর্ণিত সংবিধানের প্রাধান্য এবং জনগণের ক্ষমতার পরিপন্থী হওয়ায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সংবিধান (পঞ্চম সংশোধন) মামলার [খন্দকার দেলোয়ার হোসেন/মুলি আহলান কবির ও অন্যান্য বনাম বাংলাদেশ ইন্টারন্যাশনাল মার্বেল ওয়ার্কস লিঃ ও অন্যান্য (সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯)] রায়ে ১৫ই আগস্ট, ১৯৭৫ হইতে ৯ই এপ্রিল, ১৯৭৯ পর্যন্ত বিভিন্ন সময়ে জারীকৃত সামরিক আইন ফরমান দ্বারা সংবিধানের সকল সংশোধন অবৈধ, বাতিল ও অস্তিত্বহীন মর্মে ঘোষণা করে। অনুরূপভাবে, সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত মামলার [সিদ্দিক আহমেদ বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য (সিভিল আপীল নং ৪৮/২০১১)] রায়ে ১৯৮২ সালের ২৪শে মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ই নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক শাসন জারীসহ উক্ত সময়ে সকল কৃতকর্ম এবং জারীকৃত অধ্যাদেশ, সামরিক আইন ফরমান, আদেশ, রেগুলেশন ইত্যাদি অবৈধ, এখতিয়ার বর্হিভূত, তরু হইতে বাতিল ও বেআইনী ঘোষিত হইয়াছে। গণতন্ত্র রাষ্ট্র পরিচালনার অন্যতম মৌলিক বৈশিষ্ট্য বিধায় সংবিধান অনুযায়ী প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের অংশগ্রহণের বিধান সমুন্নত রাখিবার জন্য সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত মামলার [আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ সরকার (সিভিল আপীল নং ১৩৯/২০০৫)] রায়ে বাতিল ঘোষিত হওয়ায় উক্ত রায়ের প্রতি শ্রদ্ধাশীল হইয়া নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা হইয়াছে। এইভাবে, সংবিধান প্রণীত হইবার পর হইতে অদ্যাবধি বাংলাদেশের সর্বোচ্চ আদালত কর্তৃক ইহার বিধানাবলী পরীক্ষিত হইয়া সুস্বীকৃতি লাভ করিয়াছে।

সময়ের প্রয়োজনে এবং জনগণের চাহিদা মোতাবেক এই সংবিধানের মৌলিক কাঠামো অক্ষুণ্ণ রাখিয়া সংশোধনের মাধ্যমে ইহাকে যুগোপযোগী করা হইয়াছে। উল্লেখ্য, সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ দ্বারা ১৯৭২ সালে গণপরিষদ কর্তৃক গৃহীত ও পাসকৃত সংবিধানের প্রস্তাবনাসহ মূল চেতনা অর্থাৎ গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালী জাতীয়তাবাদ ফিরিয়া আসিয়াছে। সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ দ্বারা জনগণের নির্বাচিত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত জাতীয় সংসদে সুপ্রীম কোর্টের কোন বিচারককে প্রমাণিত অসদাচরণ বা অপসারণের অভিযোগে অপসারণের ক্ষমতা পুনঃপ্রবর্তন করা হইয়াছে, যাহা ১৯৭২ সালে গণপরিষদ কর্তৃক গৃহীত ও পাসকৃত মূল সংবিধানের সামগ্রিক চেতনা ও কাঠামোর সহিত সামঞ্জস্যপূর্ণ।

আইনজীবী, বিচারক, শিক্ষক, শিক্ষার্থী, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং আপামর জনসাধারণের ব্যবহারের প্রয়োজনে এবং সংবিধানের সর্বশেষ সংশোধনীসহ হালনাগাদকৃত অবস্থা উপস্থাপনের লক্ষ্যে উহা মুদ্রণ ও প্রকাশ করা হইল। পাশাপাশি, অনুসন্ধিৎসু পাঠকের জন্য সংবিধান সংশোধন আইনসমূহ একত্রে পরিশিষ্ট আকারে প্রকাশ করা হইল।

ঢাকা,
তারিখ : ১৮-০৪-২০১৬ ইং।

আনিসুল হক, এম.পি.
মন্ত্রী
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

তৃতীয় ভাগ
মৌলিক অধিকার

অনুচ্ছেদ ৪

- ২৬। মৌলিক অধিকারের সহিত অসমঞ্জস আইন বাতিল
 ২৭। আইনের দৃষ্টিতে সমতা
 ২৮। ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য
 ২৯। সরকারী নিয়োগলাভে সুযোগের সমতা
 ৩০। বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ
 ৩১। আইনের আশ্রয়লাভের অধিকার
 ৩২। জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ
 ৩৩। শ্রেণীর ও আটক সম্পর্কে রক্ষাকবচ
 ৩৪। জবরদস্তি-শ্রম নিষিদ্ধকরণ
 ৩৫। বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ
 ৩৬। চলাফেরার স্বাধীনতা
 ৩৭। সমাবেশের স্বাধীনতা
 ৩৮। সংগঠনের স্বাধীনতা
 ৩৯। চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক্-স্বাধীনতা
 ৪০। পেশা বা বৃত্তির স্বাধীনতা
 ৪১। ধর্মীয় স্বাধীনতা
 ৪২। সম্পত্তির অধিকার
 ৪৩। গৃহ ও যোগাযোগের রক্ষণ
 ৪৪। মৌলিক অধিকার বলবৎকরণ
 ৪৫। শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন
 ৪৬। দায়মুক্তি-বিধানের ক্ষমতা
 ৪৭। কতিপয় আইনের হেফাজত
 ৪৭ক। সংবিধানের কতিপয় বিধানের অপ্রযোজ্যতা

চতুর্থ ভাগ

নির্বাচনী বিভাগ

১ম পরিচ্ছেদ-রাষ্ট্রপতি

- ৪৮। রাষ্ট্রপতি
 ৪৯। ক্ষমা প্রদর্শনের অধিকার
 ৫০। রাষ্ট্রপতি-পদের মেয়াদ

অনুচ্ছেদ ৪

- ৫১। রাষ্ট্রপতির দায়মুক্তি
- ৫২। রাষ্ট্রপতির অভিশংসন
- ৫৩। অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ
- ৫৪। অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি-পদে স্পীকার

২য় পরিচ্ছেদ—প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা

- ৫৫। মন্ত্রিসভা
- ৫৬। মন্ত্রিগণ
- ৫৭। প্রধানমন্ত্রীর পদের মেয়াদ
- ৫৮। অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ
- ৫৮ক। বিলুপ্ত

২ক পরিচ্ছেদ—বিলুপ্ত

৩য় পরিচ্ছেদ—স্থানীয় শাসন

- ৫৯। স্থানীয় শাসন
- ৬০। স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা

৪র্থ পরিচ্ছেদ—প্রতিরক্ষা কর্মবিভাগ

- ৬১। সর্বাধিনায়কতা
- ৬২। প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি প্রভৃতি
- ৬৩। যুদ্ধ

৫ম পরিচ্ছেদ—অ্যাটর্নি-জেনারেল

- ৬৪। অ্যাটর্নি-জেনারেল

৬কম ভাগ

আইনসভা

১ম পরিচ্ছেদ—সংসদ

- ৬৫। সংসদ-প্রতিষ্ঠা
- ৬৬। সংসদে নির্বাচিত হইবার যোগ্যতা ও অযোগ্যতা
- ৬৭। সদস্যদের আসন শূন্য হওয়া
- ৬৮। সংসদ-সদস্যদের পারিশ্রমিক প্রভৃতি
- ৬৯। শপথ গ্রহণের পূর্বে আসন গ্রহণ বা ভোট দান করিলে সদস্যের অর্ধদণ্ড
- ৭০। রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া
- ৭১। যৈত-সদস্যতায় বাধা
- ৭২। সংসদের অধিবেশন
- ৭৩। সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী

Article :

51. President's immunity
52. Impeachment of the President
53. Removal of President on ground of incapacity
54. Speaker to act as President during absence, etc.

CHAPTER II—THE PRIME MINISTER AND THE CABINET

55. The Cabinet
56. Ministers
57. Tenure of office of Prime Minister
58. Tenure of office of other Ministers
- 58A. Omitted

CHAPTER IIA—OMITTED :

CHAPTER III—LOCAL GOVERNMENT

59. Local government
60. Powers of local government bodies

CHAPTER IV—THE DEFENCE SERVICES

61. Supreme command
62. Recruitment, etc., of defence services
63. War

CHAPTER V—THE ATTORNEY-GENERAL

64. The Attorney-General

PART V

THE LEGISLATURE

CHAPTER I— PARLIAMENT

65. Establishment of Parliament
66. Qualifications and disqualifications for election to Parliament
67. Vacation of seats of members
68. Remuneration, etc., of members of Parliament
69. Penalty for member sitting or voting before taking oath
70. Vacation of seat on resignation or voting against political party
71. Bar against double membership
72. Sessions of Parliament
73. President's address and messages to Parliament

(ii)

PART III
FUNDAMENTAL RIGHTS

Article :

26. Laws inconsistent with fundamental rights to be void
27. Equality before law
28. Discrimination on grounds of religion, etc.
29. Equality of opportunity in public employment
30. Prohibition of foreign titles, etc.
31. Right to protection of law
32. Protection of right to life and personal liberty
33. Safeguards as to arrest and detention
34. Prohibition of forced labour
35. Protection in respect of trial and punishment
36. Freedom of movement
37. Freedom of assembly
38. Freedom of association
39. Freedom of thought and conscience, and of speech
40. Freedom of profession or occupation
41. Freedom of religion
42. Rights to property
43. Protection of home and correspondence
44. Enforcement of fundamental rights
45. Modification of rights in respect of disciplinary law
46. Power to provide indemnity
47. Saving for certain laws
- 47A. Inapplicability of certain articles

PART IV

THE EXECUTIVE

CHAPTER I - THE PRESIDENT

48. The President
49. Prerogative of mercy
50. Term of office of President

অনুচ্ছেদ :

- ৭৩ক। সংসদ সম্পর্কে মন্ত্রীগণের অধিকার
- ৭৪। স্পীকার ও ডেপুটি স্পীকার
- ৭৫। কার্যপ্রণালী-বিধি, কোরাম প্রভৃতি
- ৭৬। সংসদের হায়ী কমিটিসমূহ
- ৭৭। ন্যায়পাল
- ৭৮। সংসদ ও সদস্যদের বিশেষ-অধিকার ও দায়মুক্তি
- ৭৯। সংসদ-সচিবালয়

২য় পরিচ্ছেদ—আইন প্রণয়ন ও অর্থসংক্রান্ত পদ্ধতি

- ৮০। আইন প্রণয়ন-পদ্ধতি
- ৮১। অর্থবিল
- ৮২। আর্থিক ব্যবস্থাবলীর সুপারিশ
- ৮৩। সংসদের আইন ব্যতীত করারোশে বাধা
- ৮৪। সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাব
- ৮৫। সরকারী অর্থের নিয়ন্ত্রণ
- ৮৬। প্রজাতন্ত্রের সরকারী হিসাবে প্রদেয় অর্থ
- ৮৭। বার্ষিক আর্থিক বিবৃতি
- ৮৮। সংযুক্ত তহবিলের উপর দায়
- ৮৯। বার্ষিক আর্থিক বিবৃতি সম্পর্কিত পদ্ধতি
- ৯০। নির্দিষ্টকরণ আইন
- ৯১। সম্পূর্ণ ও অতিরিক্ত মঞ্জুরী
- ৯২। হিসাব, ঋণ প্রভৃতির উপর ভোট
- ৯২ক। বিলুপ্ত

৩য় পরিচ্ছেদ—অধ্যাদেশ প্রণয়ন-কমতা

- ৯৩। অধ্যাদেশ প্রণয়ন-কমতা

ষষ্ঠ ভাগ

বিচারবিভাগ

১ম পরিচ্ছেদ—সুপ্রীম কোর্ট

- ৯৪। সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা
- ৯৫। বিচারক-নিয়োগ
- ৯৬। বিচারকদের পদের মেয়াদ
- ৯৭। অস্থায়ী প্রধান বিচারপতি-নিয়োগ
- ৯৮। সুপ্রীম কোর্টের অতিরিক্ত বিচারকগণ

অনুচ্ছেদ :

- ৯৯। অবসরগ্রহণের পর বিচারকগণের অক্ষমতা
 ১০০। সুপ্রীম কোর্টের আসন
 ১০১। হাইকোর্ট বিভাগের এখতিয়ার
 ১০২। কতিপয় আদেশ ও নির্দেশ প্রজ্ঞতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা
 ১০৩। আপীল বিভাগের এখতিয়ার
 ১০৪। আপীল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহ
 ১০৫। আপীল বিভাগ কর্তৃক রায় বা আদেশ পুনর্বিবেচনা
 ১০৬। সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার
 ১০৭। সুপ্রীম কোর্টের বিধি প্রণয়ন-ক্ষমতা
 ১০৮। "কোর্ট অব রেকর্ড" রূপে সুপ্রীম কোর্ট
 ১০৯। আদালতসমূহের উপর ভ্রাত্ত্বাধান ও নিয়ন্ত্রণ
 ১১০। অধস্তন আদালত হইতে হাইকোর্ট বিভাগে যামলা স্থানান্তর
 ১১১। সুপ্রীম কোর্টের রায়ের বাধ্যতামূলক কার্যকরতা
 ১১২। সুপ্রীম কোর্টের সহায়তা
 ১১৩। সুপ্রীম কোর্টের কর্মচারিগণ

২য় পরিচ্ছেদ—অধস্তন আদালত

- ১১৪। অধস্তন আদালতসমূহ—প্রতিষ্ঠা
 ১১৫। অধস্তন আদালতে নিয়োগ
 ১১৬। অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা
 ১১৬ক। বিচারবিভাগীয় কর্মচারিগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন

৩য় পরিচ্ছেদ—প্রশাসনিক ট্রাইব্যুনাল

- ১১৭। প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ

ষষ্ঠ ক ভাগ—বিলুপ্ত

সপ্তম ভাগ

নির্বাচন

- ১১৮। নির্বাচন কমিশন—প্রতিষ্ঠা
 ১১৯। নির্বাচন কমিশনের দায়িত্ব
 ১২০। নির্বাচন কমিশনের কর্মচারিগণ
 ১২১। প্রতি এলাকার জন্য একটিমাত্র ভোটার-তালিকা
 ১২২। ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা
 ১২৩। নির্বাচন-অনুষ্ঠানের সময়
 ১২৪। নির্বাচন সম্পর্কে সংসদের বিধান-প্রণয়নের ক্ষমতা
 ১২৫। নির্বাচনী আইন ও নির্বাচনের বৈধতা
 ১২৬। নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তাদান

Article :

99. Disabilities of judges after retirement
100. Seat of Supreme Court
101. Jurisdiction of High Court Division
102. Powers of High Court Division to issue certain orders and directions, etc.
103. Jurisdiction of Appellate Division
104. Issue and execution of processes of Appellate Division
105. Review of judgments or orders by Appellate Division
106. Advisory jurisdiction of Supreme Court
107. Rule-making power of the Supreme Court
108. Supreme Court as court of record
109. Superintendence and control over courts
110. Transfer of cases from subordinate courts to High Court Division
111. Binding effect of Supreme Court judgments
112. Action in aid of Supreme Court
113. Staff of Supreme Court

CHAPTER II – SUBORDINATE COURTS

114. Establishment of subordinate courts
115. Appointments to subordinate courts
116. Control and discipline of subordinate courts
- 116A. Judicial officers to be independent in the exercise of their functions

CHAPTER III— ADMINISTRATIVE TRIBUNALS

117. Administrative tribunals

PART VIA [Omitted]

PART VII

ELECTIONS

118. Establishment of Election Commission
119. Functions of Election Commission
120. Staff of Election Commission
121. Single electoral roll for each constituency
122. Qualifications for registration as voter
123. Time for holding elections
124. Parliament may make provision as to elections
125. Validity of election law and elections
126. Executive authorities to assist Election Commission.

Article :

- 73A. Rights of Ministers as respects Parliament
- 74. Speaker and Deputy Speaker
- 75. Rules of procedure, quorum, etc.
- 76. Standing committees of Parliament
- 77. Ombudsman
- 78. Privileges and immunities of Parliament and members
- 79. Secretariat of Parliament

CHAPTER II—LEGISLATIVE AND FINANCIAL PROCEDURES

- 80. Legislative procedure
- 81. Money Bills
- 82. Recommendation for financial measures
- 83. No taxation except by or under Act of Parliament
- 84. Consolidated Fund and the Public Account of the Republic
- 85. Regulation of Public moneys
- 86. Moneys payable to Public Account of the Republic
- 87. Annual financial statement
- 88. Charges on Consolidated Fund
- 89. Procedure relating to annual financial statement
- 90. Appropriation Act
- 91. Supplementary and excess grants
- 92. Votes on account, votes of credit, etc.
- 92A. Omitted

CHAPTER III—ORDINANCE MAKING POWER

- 93. Ordinance making power

PART VI

THE JUDICIARY

CHAPTER I—THE SUPREME COURT

- 94. Establishment of Supreme Court
- 95. Appointment of Judges
- 96. Tenure of office of Judges
- 97. Temporary appointment of Chief Justice
- 98. Additional Supreme Court Judges

অষ্টম ভাগ

মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক

অনুচ্ছেদ :

- ১২৭। মহা হিসাব-নিরীক্ষক পদের প্রতিষ্ঠা
 ১২৮। মহা হিসাব-নিরীক্ষকের দায়িত্ব
 ১২৯। মহা হিসাব-নিরীক্ষকের কর্মের মেয়াদ
 ১৩০। অস্থায়ী মহা হিসাব-নিরীক্ষক
 ১৩১। প্রজাতন্ত্রের হিসাব-রক্ষার আকার ও পদ্ধতি
 ১৩২। সংসদে মহা হিসাব-নিরীক্ষকের রিপোর্ট উপস্থাপন

নবম ভাগ

বাংলাদেশের কর্মবিভাগ

১ম পরিচ্ছেদ-কর্মবিভাগ

- ১৩৩। নিয়োগ ও কর্মের শর্তাবলী
 ১৩৪। কর্মের মেয়াদ
 ১৩৫। অসাধারণ সরকারী কর্মচারীদের বরখাস্ত শর্তাবলী
 ১৩৬। কর্মবিভাগ-পুনর্গঠন

২য় পরিচ্ছেদ-সরকারী কর্ম কমিশন

- ১৩৭। কমিশন-প্রতিষ্ঠা
 ১৩৮। সদস্য-নিয়োগ
 ১৩৯। পদের মেয়াদ
 ১৪০। কমিশনের দায়িত্ব
 ১৪১। বার্ষিক রিপোর্ট

দশম-ক ভাগ

জরুরী বিধানাবলী

- ১৪১ক। জরুরী-অবস্থা ঘোষণা
 ১৪১খ। জরুরী-অবস্থার সময় সংবিধানের কতিপয় অনুচ্ছেদের বিধান স্থগিতকরণ
 ১৪১গ। জরুরী-অবস্থার সময় মৌলিক অধিকারসমূহ স্থগিতকরণ

দশম ভাগ

সংবিধান-সংশোধন

- ১৪২। সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা

একাদশ ভাগ বিবিধ

অনুচ্ছেদ :

- ১৪৩। প্রজাতন্ত্রের সম্পত্তি
 ১৪৪। সম্পত্তি ও কারবার প্রভৃতি প্রসঙ্গে নির্বাহী কর্তৃত্ব
 ১৪৫। চুক্তি ও দলিল
 ১৪৫ক। আন্তর্জাতিক চুক্তি
 ১৪৬। বাংলাদেশের নামে মামলা
 ১৪৭। কতিপয় পদাধিকারীর পারিশ্রমিক প্রভৃতি
 ১৪৮। পদের শপথ
 ১৪৯। প্রচলিত আইনের হেফাজত
 ১৫০। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী
 ১৫১। রহিতকরণ
 ১৫২। ব্যাখ্যা
 ১৫৩। শ্রবণ, উল্লেখ ও নির্ভরযোগ্য পাঠ

তফসিল

- প্রথম তফসিল - অন্যান্য বিধান সংশ্লিষ্ট কার্যকর আইন
 দ্বিতীয় তফসিল - বিস্মৃতি
 তৃতীয় তফসিল - শপথ ও ঘোষণা
 চতুর্থ তফসিল - ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী
 পঞ্চম তফসিল - ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ
 ষষ্ঠ তফসিল - ১৯৭১ সালের ২৫শে মার্চ মধ্য রাত শেষে অর্থাৎ ২৬শে মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা
 সপ্তম তফসিল - ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

(vi)

PART VIII

THE COMPTROLLER AND AUDITOR-GENERAL

Article :

- 127. Establishment of office of Auditor-General
- 128. Functions of Auditor-General
- 129. Term of office of Auditor-General
- 130. Acting Auditor-General
- 131. Form and manner of keeping public accounts
- 132. Reports of Auditor-General to be laid before Parliament

PART IX

THE SERVICES OF BANGLADESH

CHAPTER I - SERVICES

- 133. Appointment and conditions of service
- 134. Tenure of office
- 135. Dismissal, etc., of civilian public officers
- 136. Reorganisation of service

CHAPTER II - PUBLIC SERVICE COMMISSIONS

- 137. Establishment of Commissions
- 138. Appointment of members
- 139. Term of office
- 140. Functions of commissions
- 141. Annual report

PART IXA

EMERGENCY PROVISIONS

- 141A. Proclamation of emergency
- 141B. Suspension of provisions of certain articles during emergencies
- 141C. Suspension of enforcement of fundamental rights during emergencies

PART X

AMENDMENT OF THE CONSTITUTION

- 142. Power to amend any provision of the Constitution

(vii)

PART XI
MISCELLANEOUS

Article :

- 143. Property of the Republic
- 144. Executive authority in relation to property, trade, etc.
- 145. Contracts and deeds
- 145A. International treaties
- 146. Suits in name of Bangladesh
- 147. Remuneration, etc., of certain officers
- 148. Oaths of office
- 149. Saving for existing laws
- 150. Transitional and temporary provisions
- 151. Repeals
- 152. Interpretation
- 153. Commencement, citation and authenticity

SCHEDULES

- FIRST SCHEDULE** – Laws effective notwithstanding other provisions
- SECOND SCHEDULE** – *Omitted*
- THIRD SCHEDULE** – Oaths and affirmations
- FOURTH SCHEDULE** – Transitional and temporary provisions
- FIFTH SCHEDULE** – Historic Speech of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman on the 7th March, 1971
- SIXTH SCHEDULE** – Declaration of Independence by the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman shortly after midnight of 25th March, i.e. early hours of 26th March, 1971
- SEVENTH SCHEDULE** – The Proclamation of Independence, Mujibnagar, Bangladesh, dated 10th day of April, 1971

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

**THE CONSTITUTION OF THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH**

বিপ্লবীরাহির-রহমানির রহিম
(দয়াময়, পরম দয়ালু, আত্মাহের নামে)/
পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে ॥

প্রস্তাবনা

আমরা, বাংলাদেশের জনগণ, ১৯৭১ খ্রীষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করিয়া জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রতিষ্ঠিত করিয়াছি ;

আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল-জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ;।

আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, আমাদের রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হইবে গণতান্ত্রিক পদ্ধতিতে এমন এক শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজের প্রতিষ্ঠা- যেখানে সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং স্বাভাবিক, অর্থনৈতিক ও সামাজিক সাহায্য, স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হইবে ;

আমরা দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে, আমরা বাহাতে স্বাধীন সত্তার সমৃদ্ধি লাভ করিতে পারি এবং মানবজাতির প্রগতিশীল আশা-আকাঙ্ক্ষার সহিত সম্মতি রক্ষা করিয়া আন্তর্জাতিক শান্তি ও সহযোগিতার ক্ষেত্রে পূর্ণ জুম্বিকা পালন করিতে পারি, সেইজন্য বাংলাদেশের জনগণের অস্তিত্বের অস্তিত্বস্বরূপ এই সংবিধানের প্রাধান্য অক্ষুণ্ণ রাখা এবং ইহার রক্ষণ, সমর্ধন ও নিরাপত্তা বিধান আমাদের পবিত্র কর্তব্য;

এতদ্বারা আমাদের এই গণপরিষদে, অদ্য ভের শত উনআশী বছরের কাঠিক মাসের আঠার তারিখ, মোতাবেক উনিশ শত বাহাস্তর খ্রীষ্টাব্দের নভেম্বর মাসের চার তারিখে, আমরা এই সংবিধান রচনা ও বিধিবদ্ধ করিয়া সমবেতভাবে গ্রহণ করিলাম ।

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২ ধারাবলে "বিপ্লবীরাহির-রহমানির রহিম (দয়াময়, পরম দয়ালু, আত্মাহের নামে)" শব্দগুলি, কমাগুলি, চিহ্নগুলি ও বহুবচীর পরিবর্তে প্রতিস্থাপিত ।

^২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৩ ধারাবলে "জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক সংগ্রাম" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত ।

^৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৩ ধারাবলে দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত ।

¹[BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM

**(In the name of Allah, the Beneficent, the Merciful)/
In the name of the Creator, the Merciful.]**

PREAMBLE

We, the people of Bangladesh, having proclaimed our independence on the 26th day of March, 1971 and, through ²[a historic struggle for national liberation], established the independent, sovereign People's Republic of Bangladesh ;

³[Pledging that the high ideals of nationalism, socialism, democracy and secularism, which inspired our heroic people to dedicate themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the national liberation struggle, shall be the fundamental principles of the Constitution ;]

Further pledging that it shall be a fundamental aim of the State to realise through the democratic process a socialist society, free from exploitation—a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens ;

Affirming that it is our sacred duty to safeguard, protect and defend this Constitution and to maintain its supremacy as the embodiment of the will of the people of Bangladesh so that we may prosper in freedom and may make our full contribution towards international peace and co-operation in keeping with the progressive aspirations of mankind ;

In our Constituent Assembly, this eighteenth day of Kartick, 1379 B.S. corresponding to the fourth day of November, 1972 A.D., do hereby adopt, enact and give to ourselves this Constitution.

¹ Substituted for the words, commas, signs and brackets "BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM (In the name of Allah, the Beneficent, the Merciful)" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 2.

² Substituted for the words "a historic war for national independence" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 3.

³ Substituted for the former second paragraph by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 3.

প্রথম ভাগ

প্রজাতন্ত্র

প্রজাতন্ত্র

১। বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র, যাহা “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ” নামে পরিচিত হইবে।

প্রজাতন্ত্রের রাষ্ট্রীয়
সীমানা

২। প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত হইবে

(ক) ১৯৭১ খ্রীষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা-ঘোষণার অব্যবহিত পূর্বে যে সকল এলাকা লইয়া পূর্ব পাকিস্তান গঠিত ছিল এবং সংবিধান (তৃতীয় সংশোধন) আইন, ১৯৭৪-এ অন্তর্ভুক্ত এলাকা বলিয়া উল্লিখিত এলাকা, কিন্তু উক্ত আইনে বহির্ভুক্ত এলাকা বলিয়া উল্লিখিত এলাকা তদবহির্ভুক্ত; এবং

(খ) যে সকল এলাকা পরবর্তীকালে বাংলাদেশের সীমানাভুক্ত হইতে পারে।

রাষ্ট্রধর্ম

৩। প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সমমর্যাদা ও সমঅধিকার নিশ্চিত করিবেন।

রাষ্ট্রভাষা

৩। প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা।

জাতীয় সঙ্গীত,
পতাকা ও প্রতীক

৪। (১) প্রজাতন্ত্রের জাতীয় সঙ্গীত “আমার সোনার বাংলা”র প্রথম দশ চরণ।

(২) প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ডরাটি বৃত্ত।

(৩) প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক হইতেছে উভয় পার্শ্বে ধান্যশীর্ষবেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পুষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পরসংযুক্ত পত্র, তাহার উভয় পার্শ্বে দুইটি করিয়া ডারকা।

(৪) উপরি-উক্ত দফাসমূহ-সাপেক্ষে জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক সম্পর্কিত বিধানাবলী আইনের দ্বারা নির্ধারিত হইবে।

জাতির পিতার
প্রতিকৃতি

৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার ও প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।

রাজধানী

৬। (১) প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা।

১ “সংবিধান (তৃতীয় সংশোধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৭৪ নং আইন)-এর ৩ ধারাবলে “; এবং” এর পরিবর্তে প্রতিস্থাপিত। তবে, উহার কার্যকরিতা উক্ত আইনের ৪ ধারা অনুযায়ী পেছটে বিলম্বিত জারী মালেক।

২ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৪ ধারাবলে ২ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত।

৩ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫ ধারাবলে ৪ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত।

PART I

THE REPUBLIC

- | | |
|--|---|
| 1. Bangladesh is a unitary, independent, sovereign Republic to be known as the People's Republic of Bangladesh. | The Republic |
| 2. The territory of the Republic shall comprise – | The territory of the Republic |
| <p>(a) the territories which immediately before the Proclamation of Independence on the 26th day of March, 1971 constituted East Pakistan ¹[and the territories referred to as included territories in the Constitution (Third Amendment) Act, 1974, but excluding the territories referred to as excluded territories in that Act; and]</p> <p>(b) such other territories as may become included in Bangladesh.</p> | |
| ² [2A. The state religion of the Republic is Islam, but the State shall ensure equal status and equal right in the practice of the Hindu, Buddhist, Christian and other religions.] | The state religion |
| 3. The state language of the Republic is ³ [Bangla]. | The state language |
| 4. (1) The national anthem of the Republic is the first ten lines of "Amar Sonar Bangla". | National anthem, flag and emblem |
| (2) The national flag of the Republic shall consist of a circle, coloured red throughout its area, resting on a green background. | |
| (3) The national emblem of the Republic is the national flower Shapla (nymphoea nouchali) resting on water, having on each side an ear of paddy and being surmounted by three connected leaves of jute with two stars on each side of the leaves. | |
| (4) Subject to the foregoing clauses, provisions relating to the national anthem, flag and emblem shall be made by law. | |
| ⁴ [4A. The Portrait of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman shall be preserved and displayed at the offices of the President, the Prime Minister, the Speaker and the Chief Justice and in head and branch offices of all government and semi-government offices, autonomous bodies, statutory public authorities, government and non-government educational institutions, embassies and missions of Bangladesh abroad.] | Portrait of the Father of the Nation |
| 5. (1) The Capital of the Republic is ⁵ [Dhaka]. | The Capital |

¹ Substituted for the semi-colon and word "and" by the Constitution (Third Amendment) Act, 1974 (Act LXXIV of 1974), section 3. But its effectiveness is subject to gazette notification under section 4 of that Act.

² Article 2A was substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011) section 4.

³ Substituted for the word "Bengali" by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988), section 3.

⁴ Article 4A was substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011) section 5.

⁵ The word "Dhaka" was substituted, for the word "Dacca" by the Constitution (Eighth Amendment) Act, 1988 (Act XXX of 1988).

(২) রাজধানীর সীমানা আইনের দ্বারা নির্ধারিত হইবে।

নাগরিকত্ব

৭। (১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।]

সংবিধানের প্রাধান্য

৭। (১) প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ; এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হইবে।

(২) জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসঙ্গত হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।

সংবিধান ব্যতী,
স্থানিকরন, ইত্যাদি
অপরাধ

৭। (১) কোন ব্যক্তি শক্তি প্রদর্শন বা শক্তি-প্রয়োগের মাধ্যমে বা অন্য কোন অসংবিধানিক পন্থায়—

(ক) এই সংবিধান বা ইহার কোন অনুচ্ছেদ, রদ, রহিত বা বাতিল বা স্থগিত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা বড়বন্দ করিলে; কিংবা

(খ) এই সংবিধান বা ইহার কোন বিধানের প্রতি নাগরিকের আস্থা, বিশ্বাস বা প্রত্যয় পরাহত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা বড়বন্দ করিলে—

তাহার এই কার্য রাষ্ট্রদ্রোহিতা হইবে এবং ঐ ব্যক্তি রাষ্ট্রদ্রোহিতার অপরাধে দোষী হইবে।

(২) কোন ব্যক্তি (১) দফায় বর্ণিত—

(ক) কোন কার্য করিতে সহযোগিতা বা উৎসাহ প্রদান করিলে; কিংবা

(খ) কার্য অনুমোদন, মার্জনা, সমর্থন বা অনুসমর্থন করিলে—

তাহার এইরূপ কার্যও একই অপরাধ হইবে।

(৩) এই অনুচ্ছেদে বর্ণিত অপরাধে দোষী ব্যক্তি প্রচলিত আইনে অন্যান্য অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের মধ্যে সর্বোচ্চ দণ্ডে দণ্ডিত হইবে।

সংবিধানের মৌলিক
বিধানাবলী সংশোধন
অযোগ্য

৭। সংবিধানের ১৪২ অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগের সকল অনুচ্ছেদ, দ্বিতীয় ভাগের সকল অনুচ্ছেদ, নবম-ক ভাগে বর্ণিত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে তৃতীয় ভাগের সকল অনুচ্ছেদ এবং একাদশ ভাগের ১৫০ অনুচ্ছেদসহ সংবিধানের অন্যান্য মৌলিক কাঠামো সংক্রান্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সংশোধন, পরিবর্তন, প্রতিস্থাপন, রহিতকরণ কিংবা অন্য কোন পন্থায় সংশোধনের অযোগ্য হইবে।]

^১ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ৬ ধারাবলে ৬ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ৭ ধারাবলে ৭ক এবং ৭খ অনুচ্ছেদ সন্নিবেশিত।

(2) The boundaries of the capital shall be determined by law.

¹[6. (1) The citizenship of Bangladesh shall be determined and regulated by law. **Citizenship**

(2) The people of Bangladesh shall be known as Bangalees as a nation and the citizens of Bangladesh shall be known as Bangladeshies.]

7. (1) All powers in the Republic belong to the people, and their exercise on behalf of the people shall be effected only under, and by the authority of, this Constitution. **Supremacy of the Constitution**

(2) This Constitution is, as the solemn expression of the will of the people, the supreme law of the Republic, and if any other law is inconsistent with this Constitution that other law shall, to the extent of the inconsistency, be void.

²[7A. (1) If any person, by show of force or use of force or by any other un-constitutional means— **Offence of abrogation, suspension, etc. of the Constitution**

(a) abrogates, repeals or suspends or attempts or conspires to abrogate, repeal or suspend this Constitution or any of its article ; or

(b) subverts or attempts or conspires to subvert the confidence, belief or reliance of the citizens to this Constitution or any of its article,

his such act shall be sedition and such person shall be guilty of sedition.

(2) If any person—

(a) abets or instigates any act mentioned in clause (1) ; or

(b) approves, condones, supports or ratifies such act,

his such act shall also be the same offence.

(3) Any person alleged to have committed the offence mentioned in this article shall be sentenced with the highest punishment prescribed for other offences by the existing laws.

7B. Notwithstanding anything contained in article 142 of the Constitution, the preamble, all articles of Part I, all articles of Part II, subject to the provisions of Part IXA all articles of Part III, and the provisions of articles relating to the basic structures of the Constitution including article 150 of Part XI shall not be amendable by way of insertion, modification, substitution, repeal or by any other means.] **Basic provisions of the Constitution are not amendable**

¹ Article 6 was substituted for the former article 6 by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 6.

² Articles 7A and 7B were inserted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 7.

দ্বিতীয় ভাগ

রাষ্ট্র পরিচালনার মূলনীতি

মূলনীতিসমূহ

৮।^১(১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা—এই নীতিসমূহ এবং উৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।

(২) এই ভাগে বর্ণিত নীতিসমূহ বাংলাদেশ-পরিচালনার মূলসূত্র হইবে, আইন-প্রণয়নকালে রাষ্ট্র তাহা প্রয়োগ করিবেন, এই সংবিধান ও বাংলাদেশের অন্যান্য আইনের ব্যাখ্যাদানের ক্ষেত্রে তাহা নির্দেশক হইবে এবং তাহা রাষ্ট্র ও নাগরিকদের কার্যের ভিত্তি হইবে, তবে এই সকল নীতি আদালতের মাধ্যমে বলবৎযোগ্য হইবে না।

জাতীয়তাবাদ

১৯। ভাষাগত ও সংস্কৃতিগত একক সম্ভাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি।

সমাজতন্ত্র ও শোষণমুক্তি

১০। মানুষের উপর মানুষের শোষণ হইতে মুক্ত ন্যায়ানুগ ও সাম্যবাদী সমাজস্ৰাভ নিশ্চিত করিবার উদ্দেশ্যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইবে।

গণতন্ত্র ও মানবাধিকার

১১। প্রজাতন্ত্র হইবে একটি গণতন্ত্র, যেখানে মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, মানবসত্তার মর্যাদা ও মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত হইবে। * * * [এবং প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত হইবে।]

ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা

১২। ধর্ম নিরপেক্ষতা নীতি বাস্তবায়নের জন্য

- (ক) সর্ব প্রকার সাম্প্রদায়িকতা,
- (খ) রাষ্ট্র কর্তৃক কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদা দান,
- (গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মীয় অপব্যবহার,
- (ঘ) কোন বিশেষ ধর্ম পালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাহার উপর নিপীড়ন,

বিলোপ করা হইবে।

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ৮ ধারাবলে (১) ও (১ক) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ৯ ধারাবলে ৯ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ১০ ধারাবলে ১০ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^৪ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন)-এর ২ ধারা বলে বিসৃত।

^৫ সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২ ধারাবলে "এবং প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত হইবে" শব্দগুলি সন্নিবেশিত।

^৬ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ১১ ধারাবলে ১২ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

PART II

FUNDAMENTAL PRINCIPLES OF STATE POLICY

8. ¹[(1) The principles of nationalism, socialism, democracy and secularism, together with the principles derived from those as set out in this Part, shall constitute the fundamental principles of state policy.] **Fundamental principles**

(2) The principles set out in this Part shall be fundamental to the governance of Bangladesh, shall be applied by the State in the making of laws, shall be a guide to the interpretation of the Constitution and of the other laws of Bangladesh, and shall form the basis of the work of the State and of its citizens, but shall not be judicially enforceable.

²9. The unity and solidarity of the Bangalee nation, which, deriving its identity from its language and culture, attained sovereign and independent Bangladesh through a united and determined struggle in the war of independence, shall be the basis of Bangalee nationalism.] **Nationalism**

³10. A socialist economic system shall be established with a view to ensuring the attainment of a just and egalitarian society, free from the exploitation of man by man.] **Socialism and freedom from exploitation**

11. The Republic shall be a democracy in which fundamental human rights and freedoms and respect for the dignity and worth of the human person shall be guaranteed ⁴[* * *] ⁵], and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured]. **Democracy and human rights**

⁶12. The principle of secularism shall be realised by the elimination of – **Secularism and freedom of religion**

- (a) communalism in all its forms ;
- (b) the granting by the State of political status in favour of any religion ;
- (c) the abuse of religion for political purposes ;
- (d) any discrimination against, or persecution of, persons practicing a particular religion.]

¹ Substituted for the former clause (1) and (1A) by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 8.

² Substituted for the former article 9 by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 9.

³ Substituted for the former article 10 by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011) section 10.

⁴ The comma and words "and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured" were omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), section 2.

⁵ The Comma and words ", and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured" were inserted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 2.

⁶ Substituted for the former article 12 by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 11.

মালিকানাধীন সীতি

১৩। উৎপাদনব্যবস্থা, উৎপাদনব্যবস্থা ও বস্তুনিষ্ঠপ্রণালীসমূহের মালিক বা নিয়ন্ত্রক হইবেন জনগণ এবং এই উদ্দেশ্যে মালিকানা-ব্যবস্থা নিম্নরূপ হইবে :

- (ক) রাষ্ট্রীয় মালিকানা, অর্থাৎ অর্থনৈতিক জীবনের প্রধান প্রধান ক্ষেত্র লইয়া সূত্র ও গতিশীল রাষ্ট্রায়ত্ত্ব সরকারী হাতে সৃষ্টির মাধ্যমে জনগণের পক্ষে রাষ্ট্রের মালিকানা ;
- (খ) সমবায়ী মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে সমবায়-সমূহের সদস্যদের পক্ষে সমবায়সমূহের মালিকানা ; এবং
- (গ) ব্যক্তিগত মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে ব্যক্তির মালিকানা ।

কৃষক ও শ্রমিকের মুক্তি

১৪। রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে যেহেতু মানুষকে-কৃষক ও শ্রমিককে-এবং জনগণের অন্যতর অংশসমূহকে সকল প্রকার শোষণ হইতে মুক্তি দান করা ।

মৌলিক প্রয়োজনের ব্যবস্থা

১৫। রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদনশক্তির ক্রমবৃদ্ধিসাধন এবং জনগণের জীবনযাত্রার বহুগত ও সংকুচিত মানের দৃঢ় উন্নতিসাধন, যাহাতে নাগরিকদের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ অর্জন নিশ্চিত করা যায় :

- (ক) অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা ;
- (খ) কর্মের অধিকার, অর্থাৎ কর্মের গুণ ও পরিমাণ বিবেচনা করিয়া মুক্তিসঙ্গত মজুরীর বিনিময়ে কর্মসংস্থানের নিশ্চয়তার অধিকার ;
- (গ) মুক্তিসঙ্গত বিশ্রাম, বিনোদন ও অবকাশের অধিকার ; এবং
- (ঘ) সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পশুভুক্তনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ষিক্যজনিত কিংবা অনুরূপ অন্যান্য পরিস্থিতিজনিত আয়ত্তাভীত কারণে অভাবমুক্ততার ক্ষেত্রে সরকারী সাহায্যালভের অধিকার ।

গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব

১৬। নগর ও গ্রামাঞ্চলের জীবন যাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষিবিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতীকরণের ব্যবস্থা, কৃষ্টিশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন ।

অবৈজ্ঞানিক ও বাধ্যতামূলক শিক্ষা

১৭। রাষ্ট্র

- (ক) একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত সকল বালক-বালিকাকে অবৈজ্ঞানিক ও বাধ্যতামূলক শিক্ষাদানের জন্য,
- (খ) সমাজের প্রয়োজনের সহিত শিক্ষাকে সঙ্গতিপূর্ণ করিবার জন্য এবং সেই প্রয়োজন সিদ্ধ করিবার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও সদিচ্ছাপ্রণোদিত নাগরিক সৃষ্টির জন্য,
- (গ) আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করিবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন ।

13. The people shall own or control the instruments and means of production and distribution, and with this end in view ownership shall assume the following forms – **Principles of ownership**

- (a) state ownership, that is ownership by the State on behalf of the people through the creation of an efficient and dynamic nationalised public sector embracing the key sectors of the economy ;
- (b) co-operative ownership, that is ownership by co-operatives on behalf of their members within such limits as may be prescribed by law ; and
- (c) private ownership, that is ownership by individuals within such limits as may be prescribed by law.

14. It shall be a fundamental responsibility of the State to emancipate the toiling masses -the peasants and workers—and backward sections of the people from all forms of exploitation. **Emancipation of peasants and workers**

15. It shall be a fundamental responsibility of the State to attain, through planned economic growth, a constant increase of productive forces and a steady improvement in the material and cultural standard of living of the people, with a view to securing to its citizens – **Provision of basic necessities**

- (a) the provision of the basic necessities of life, including food, clothing, shelter, education and medical care ;
- (b) the right to work, that is the right to guaranteed employment at a reasonable wage having regard to the quantity and quality of work ;
- (c) the right to reasonable rest, recreation and leisure ; and
- (d) the right to social security, that is to say, to public assistance in cases of undeserved want arising from unemployment, illness or disablement, or suffered by widows or orphans or in old age, or in other such cases.

16. The State shall adopt effective measures to bring about a radical transformation in the rural areas through the promotion of an agricultural revolution, the provision of rural electrification, the development of cottage and other industries, and the improvement of education, communications and public health, in those areas, so as progressively to remove the disparity in the standards of living between the urban and the rural areas. **Rural development and agricultural revolution**

17. The State shall adopt effective measures for the purpose of – **Free and compulsory education**

- (a) establishing a uniform, mass-oriented and universal system of education and extending free and compulsory education to all children to such stage as may be determined by law ;
- (b) relating education to the needs of society and producing properly trained and motivated citizens to serve those needs ;
- (c) removing illiteracy within such time as may be determined by law.

জনস্বাস্থ্য ও সৈতিকতা

১৮। (১) জনগণের পুষ্টির স্তর-উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতিসাধনকে রাষ্ট্র অন্যতম প্রাথমিক কর্তব্য বলিয়া গণ্য করিবেন এবং বিশেষতঃ আরোগ্যের প্রয়োজন কিংবা আইনের দ্বারা নির্দিষ্ট অন্যবিধ প্রয়োজন ব্যতীত মদ্য ও অন্যান্য মাদক পানীয় এবং স্বাস্থ্যহানিকর স্বেচ্ছের ব্যবহার নিষিদ্ধকরণের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) গণিকাবৃত্তি ও জুয়াবেলা নিরোধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

পরিবেশ ও জীব-
বৈচিত্র্য সংরক্ষণ ও
উন্নয়ন

১৯ক। রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।

সুযোগের সমতা

১৯। (১) সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করিতে রাষ্ট্র সচেষ্ট হইবেন।

(২) মানুষে মানুষে সামাজিক ও অর্থনৈতিক অসাম্য বিলোপ করিবার জন্য, নাগরিকদের মধ্যে সম্পদের সুখম বন্টন নিশ্চিত করিবার জন্য এবং প্রজাতন্ত্রের সর্বত্র অর্থনৈতিক উন্নয়নের সমান স্তর অর্জনের উদ্দেশ্যে সুখম সুযোগ-সুবিধাদান নিশ্চিত করিবার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।

১(৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।

অধিকার ও
কর্তব্যরূপে কর্তব্য

২০। (১) কর্ম হইতেছে কর্মকম প্রত্যেক নাগরিকের পক্ষে অধিকার, কর্তব্য ও সন্মানের বিষয়, এবং "প্রত্যেকের নিকট হইতে যোগ্যতানুসারে ও প্রত্যেককে কর্মানুযায়ী"-এই নীতির ভিত্তিতে প্রত্যেকে স্বীয় কর্মের জন্য পারিশ্রমিক লাভ করিবেন।

(২) রাষ্ট্র এমন অবস্থাসৃষ্টির চেষ্টা করিবেন, যেখানে সাধারণ নীতি হিসাবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না এবং যেখানে বুদ্ধিবৃত্তিমূলক ও কারিক-সকল প্রকার শ্রম সৃষ্টিধর্মী প্রয়াসের ও মানবিক ব্যক্তিত্বের পূর্ণতর অভিব্যক্তিতে পরিণত হইবে।

নাগরিক ও সরকারী
কর্মচারীদের কর্তব্য

২১। (১) সববিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিকদায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য।

(২) সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।

নির্বাচী বিজয় হইতে
বিচারবিভাগের
পৃথকীকরণ

২২। রাষ্ট্রের নির্বাচী অঙ্গসমূহ হইতে বিচারবিভাগের পৃথকীকরণ রাষ্ট্র নিশ্চিত করিবেন।

^১ সববিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ১২ ধারাবলে ১৮ক অনুচ্ছেদ সন্নিবেশিত।

^২ সববিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪নং আইন)-এর ১৩ ধারাবলে (৩) দফা সংযোজিত।

18. (1) The State shall regard the raising of the level of nutrition and the improvement of public health as among its primary duties, and in particular shall adopt effective measures to prevent the consumption, except for medical purposes or for such other purposes as may be prescribed by law, of alcoholic and other intoxicating drinks and of drugs which are injurious to health.

Public health and morality

(2) The State shall adopt effective measures to prevent prostitution and gambling.

¹[18A. The State shall endeavour to protect and improve the environment and to preserve and safeguard the natural resources, bio-diversity, wetlands, forests and wild life for the present and future citizens.]

Protection and improvement of environment and bio-diversity

19. (1) The State shall endeavour to ensure equality of opportunity to all citizens.

Equality of opportunity

(2) The State shall adopt effective measures to remove social and economic inequality between man and man and to ensure the equitable distribution of wealth among citizens, and of opportunities in order to attain a uniform level of economic development throughout the Republic.

²[(3)The State Shall endeavour to ensure equality of opportunity and participation of women in all spheres of national life.]

20. (1) Work is a right, a duty and a matter of honour for every citizen who is capable of working, and everyone shall be paid for his work on the basis of the principle "from each according to his abilities, to each according to his work".

Work as a right and duty

^১ সংবিধান (১৯৭১ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ১৮ ধারাবলে "কার্যকরতা-কালে রাষ্ট্রপতি" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

141B. While a Proclamation of Emergency is in operation, nothing in articles 36, 37, 38, 39, 40 and 42 shall restrict the power of the State to make any law or to take any executive action which the State would, but for the provisions contained in Part III of this Constitution, be competent to make or to take, but any law so made shall, to the extent of the incompetency, cease to have effect as soon as the Proclamation ceases to operate, except as respects things done or omitted to be done before the law so ceases to have effect.

Suspension of provisions of certain articles during emergencies

141C. (1) While a Proclamation of Emergency is in operation, the President may, ¹[on the written advice of the Prime Minister, by order], declare that the right to move any court for the enforcement of such of the rights conferred by Part III of this Constitution as may be specified in the order, and all proceedings pending in any court for the enforcement of the right so specified, shall remain suspended for the period during which the Proclamation is in force or for such shorter period as may be specified in the order.

Suspension of enforcement of fundamental rights during emergencies

(2) An order made under this article may extend to the whole of Bangladesh or any part thereof.

(3) Every order made under this article shall, as soon as may be, be laid before Parliament.]

¹ Substituted for the words "by order" by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 18.

দশম ভাগ

সংবিধান-সংশোধন

সংবিধানের বিধান
সংশোধনের ক্ষমতা

১১৪২। এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও—

(ক) সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হইতে পারিবে :

ভবে শর্ত থাকে যে,

(অ) অনুরূপ সংশোধনীর জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরনামায় এই সংবিধানের কোন বিধান সংশোধন করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না ;

(আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যান্য দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোন বিলে সম্মতিদানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না ;

(খ) উপরি-উক্ত উপায়ে কোন বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন, এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিরাছেন বলিয়া গণ্য হইবে ॥

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৪৭ ধারাবলে ১৪২ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

PART X

AMENDMENT OF THE CONSTITUTION

¹[142. Notwithstanding anything contained in this Constitution—

**Power to amend any
provision of the
Constitution**

- (a) any provision thereof may be amended by way of addition, alteration, substitution or repeal by Act of Parliament :

Provided that —

- (i) no Bill for such amendment shall be allowed to proceed unless the long title thereof expressly states that it will amend a provision of the Constitution;
- (ii) no such Bill shall be presented to the President for assent unless it is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament ;
- (b) when a Bill passed as aforesaid is presented to the President for his assent he shall, within the period of seven days after the Bill is presented to him assent to the Bill, and if he fails so to do he shall be deemed to have assented to it on the expiration of that period.]

¹ Article 142 was substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 42.

একাদশ ভাগ

বিবিধ

প্রজাতন্ত্রের সম্পত্তি

১৪৩। (১) আইনসম্মতভাবে প্রজাতন্ত্রের উপর ন্যস্ত যে কোন ভূমি বা সম্পত্তি ব্যতীত নিম্নলিখিত সম্পত্তিসমূহ প্রজাতন্ত্রের উপর ন্যস্ত হইবে :

(ক) বাংলাদেশের যে কোন ভূমির অন্তর্গত সকল খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী;

(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমার অন্তর্ভুক্ত মহাসাগরের অন্তর্গত কিংবা বাংলাদেশের মহীসোপানের উপরিস্থ মহাসাগরের অন্তর্গত সকল ভূমি, খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী; এবং

(গ) বাংলাদেশে অবস্থিত প্রকৃত মালিকবিহীন যে কোন সম্পত্তি।

(২) সঙ্কলন সময়ে সময়ে আইনের দ্বারা বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার এবং বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমা ও মহীসোপানের সীমা-নির্ধারণের বিধান করিতে পারিবেন।

সম্পত্তি ও কারবার
প্রকৃতি-সংসদে নির্বাহী
কর্তৃত্ব

১৪৪। প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে সম্পত্তি গ্রহণ, বিক্রয়, হস্তান্তর, বন্ধকদান ও বিলি-ব্যবস্থা, যে কোন কারবার বা ব্যবসায়-চালনা এবং যে কোন চুক্তি প্রণয়ন করা যাইবে।

চুক্তি ও দলিল

১৪৫। (১) প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে প্রণীত সকল চুক্তি ও দলিল রট্টপতি কর্তৃক প্রণীত বলিয়া প্রকাশ করা হইবে এবং রট্টপতি যেক্রম নির্দেশ বা ক্ষমতা প্রদান করিবেন, তাঁহার পক্ষে সেইরূপ ব্যক্তি কর্তৃক ও সেইরূপ প্রণালীতে তাহা সম্পাদিত হইবে।

(২) প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে কোন চুক্তি বা দলিল প্রণয়ন বা সম্পাদন করা হইলে উক্ত কর্তৃত্বে অনুরূপ চুক্তি বা দলিল প্রণয়ন বা সম্পাদন করিবার জন্য রট্টপতি কিংবা অন্য কোন ব্যক্তি ব্যক্তিগতভাবে দায়ী হইবেন না, তবে এই অনুচ্ছেদ সরকারের বিরুদ্ধে যথাযথ কার্যধারা আনয়নে কোন ব্যক্তির অধিকার স্তূপ্ন করিবে না।

আন্তর্জাতিক চুক্তি

১৪৬। বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রট্টপতির নিকট পেশ করা হইবে, এবং রট্টপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন :

তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সঙ্গতিপূর্ণ অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।]

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৪৮ ধারাবলে ১৪৬ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত।

PART XI

MISCELLANEOUS

143. (1) There shall vest in the Republic, in addition to any other land or property lawfully vested –

Property of the
Republic

- (a) all minerals and other things of value underlying any land of Bangladesh;
- (b) all lands, minerals and other things of value underlying the ocean within the territorial waters, or the ocean over the continental shelf, of Bangladesh; and
- (c) any property located in Bangladesh that has no rightful owner.

(2) Parliament may from time to time by law provide for the determination of the boundaries of the territory of Bangladesh and of the territorial waters and the continental shelf of Bangladesh.

144. The executive authority of the Republic shall extend to the acquisition, sale, transfer, mortgage and disposal of property, the carrying on of any trade or business and the making of any contract.

Executive authority
in relation to
property, trade, etc.

145. (1) All contracts and deeds made in exercise of the executive authority of the Republic shall be expressed to be made by the President, and shall be executed on behalf of the President by such person and in such manner as he may direct or authorise.

Contracts and deeds

(2) Where a contract or deed is made or executed in exercise of the executive authority of the Republic, neither the President nor any other person making or executing the contract or deed in exercise of that authority shall be personally liable in respect thereof, but this article shall not prejudice the right of any person to take proceedings against the Government.

¹145A. All treaties with foreign countries shall be submitted to the President, who shall cause them to be laid before Parliament :

International treaties

Provided that any such treaty connected with national security shall be laid in a secret session of Parliament.]

¹ Article 145A was substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 43.

বাংলাদেশের নামে
মামলা

১৪৬। “বাংলাদেশ”—এই নামে বাংলাদেশ সরকার কর্তৃক বা বাংলাদেশ সরকারের বিরুদ্ধে মামলা দায়ের করা যাইতে পারিবে।

কতিপয় পদাধিকারীর
পারিশ্রমিক প্রকৃতি

১৪৭। (১) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির পারিশ্রমিক, বিশেষ-অধিকার ও কর্মের অন্যান্য শর্ত সংসদের আইনের দ্বারা বা অধীন নির্ধারিত হইবে, তবে অনুরূপভাবে নির্ধারিত না হওয়া পর্যন্ত

(ক) এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে ক্ষেত্রমত সংশ্লিষ্ট পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির ক্ষেত্রে তাহা যেরূপ প্রযোজ্য ছিল, সেইরূপ হইবে; অথবা

(খ) অব্যবহিত পূর্ববর্তী উপ-দফা প্রযোজ্য না হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা যেরূপ নির্ণয় করিবেন, সেইরূপ হইবে।

(২) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে অধিষ্ঠিত বা কর্মরত ব্যক্তির কার্যভারকালে তাঁহার পারিশ্রমিক, বিশেষ-অধিকার ও কর্মের অন্যান্য শর্তের এমন ভারতম্য করা যাইবে না, যাহা তাঁহার পক্ষে অসুবিধাজনক হইতে পারে।

(৩) এই অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন পদে নিযুক্ত বা কর্মরত ব্যক্তি কোন লাভজনক পদ কিংবা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় বহাল হইবেন না কিংবা মুনাফালাভের উদ্দেশ্যযুক্ত কোন কোম্পানী, সমিতি বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় বা পরিচালনায় কোনরূপ অংশগ্রহণ করিবেন না ;

তবে শর্ত থাকে যে, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে উপরের প্রথমোল্লিখিত পদে অধিষ্ঠিত বা কর্মরত রহিয়াছেন, কেবল এই কারণে কোন ব্যক্তি অনুরূপ লাভজনক পদ বা বেতনাদিযুক্ত পদ বা মর্যাদায় অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।

(৪) এই অনুচ্ছেদ নিম্নলিখিত পদসমূহে প্রযোজ্য হইবে :

(ক) রাষ্ট্রপতি,

* * * * *

(খ) প্রধানমন্ত্রী ;

(গ) স্পীকার বা ডেপুটি স্পীকার,

^১ সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২১(ক) ধারাবলে (কক) উপ-দফা বিলুপ্ত।

^২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৪৯(ক) ধারাবলে (খ) উপ-দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

146. The Government of Bangladesh may sue or be sued by the name of Bangladesh. **Suits in name of Bangladesh**

147. (1) The remuneration, privileges and other terms and conditions of service of a person holding or acting in any office to which this article applies shall be determined by or under Act of Parliament, but until they are so determined — **Remuneration, etc., of certain officers**

- (a) they shall be those (if any) appertaining to the person holding or, as the case may be, acting in the office in question immediately before the commencement of this Constitution; or
- (b) if the preceding sub-clause is not applicable, they shall be determined by order made by the President.

(2) The remuneration, privileges and other terms and conditions of service of a person holding or acting in any office to which this article applies shall not be varied to the disadvantage of any such person during his term of office.

(3) No person appointed to or acting in any office to which this article applies shall hold any office, post or position of profit or emolument or take any part whatsoever in the management or conduct of any company, association or body having profit or gain as its object :

Provided that such person shall not for the purposes of this clause be deemed to hold any such office, post or position by reason only that he holds or is acting in the office first above-mentioned.

(4) This article applies to the offices of —

(a) President;

1[* * *].

2{(b) Prime Minister;}

(c) Speaker or Deputy Speaker;

¹ Sub-clause (aa) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 21 (a).

² Substituted for the former sub-clause (b) by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act No. XIV of 2011) section 44(i).

১(ঘ) মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী;]

(ঙ) সুপ্রীম কোর্টের বিচারক,

(চ) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক,

(ছ) নির্বাচন কমিশনার,

(জ) সরকারী কর্ম কমিশনের সদস্য।

গদের শপথ

১৪৮। (১) তৃতীয় তফসিলে উল্লিখিত যে কোন পদে নির্বাচিত বা নিযুক্ত ব্যক্তি কার্যভারগ্রহণের পূর্বে উক্ত তফসিল-অনুযায়ী শপথগ্রহণ বা ঘোষণা (এই অনুচ্ছেদে “শপথ” বলিয়া অভিহিত) করিবেন এবং অনুরূপ শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষরদান করিবেন।

* * *

(২) এই সর্বিধানের অধীন নির্দিষ্ট কোন ব্যক্তির নিকট শপথগ্রহণ আবশ্যিক হইলে * * * অনুরূপ ব্যক্তি যেরূপ ব্যক্তি ও স্থান নির্ধারণ করিবেন, সেইরূপ ব্যক্তির নিকট সেইরূপ স্থানে শপথগ্রহণ করা যাইবে।

“(২ক) ১২৩ অনুচ্ছেদের (৩) দফার অধীন অনুষ্ঠিত সংসদ সদস্যদের স্যধারণ নির্বাচনের ফলাফল সরকারী গেজেটে প্রজ্ঞাপিত হইবার তারিখ হইতে পরবর্তী তিন দিনের মধ্যে এই সর্বিধানের অধীন এতদুদ্দেশ্যে নির্দিষ্ট ব্যক্তি বা তদুদ্দেশ্যে অনুরূপ ব্যক্তি কর্তৃক নির্ধারিত অন্য কোন ব্যক্তি যে কোন কারণে নির্বাচিত সদস্যদের শপথ পাঠ পরিচালনা করিতে ব্যর্থ হইলে বা না করিলে, প্রধান নির্বাচন কমিশনার উহার পরবর্তী তিন দিনের মধ্যে উক্ত শপথ পাঠ পরিচালনা করিবেন, যেন এই সর্বিধানের অধীন তিনিই ইহার জন্য নির্দিষ্ট ব্যক্তি।]

(৩) এই সর্বিধানের অধীন যে ক্ষেত্রে কোন ব্যক্তির পক্ষে কার্যভার গ্রহণের পূর্বে শপথগ্রহণ আবশ্যিক, সেই ক্ষেত্রে শপথগ্রহণের অব্যবহিত পর তিনি কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

প্রচলিত আইনের হেফাজত

১৪৯। এই সর্বিধানের বিধানাবলী-সাপেক্ষে সকল প্রচলিত আইনের কার্যকরতা অব্যাহত থাকিবে, তবে অনুরূপ আইন এই সর্বিধানের অধীন প্রণীত আইনের দ্বারা সংশোধিত বা রহিত হইতে পারিবে।

^১ সর্বিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৪৯ (খ) ধারাবলে (ঘ) উপ-দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সর্বিধান (স্বনয়ন সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২২ ধারাবলে (১ক) দফা বিলুপ্ত।

^৩ সর্বিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ২৯ ধারাবলে “এবং কোন কারণে সেই ব্যক্তির নিকট শপথ গ্রহণ সম্ভব না হইলে” শব্দগুলি বিলুপ্ত।

^৪ সর্বিধান (চতুর্থ সংশোধন) আইন, ২০০৪ (২০০৪ সনের ১৪ নং আইন)-এর ৮ ধারাবলে (২ক) দফা সন্নিবেশিত।

- ¹[(d) Minister, Minister of State or Deputy Minister;]
- (e) Judge of the Supreme Court;
- (f) Comptroller and Auditor-General;
- (g) Election Commissioner;
- (h) Member of a public service commission.

148. (1) A person elected or appointed to any office mentioned in the **Oaths of office** Third Schedule shall before entering upon the office make and subscribe an oath or affirmation (in this article referred to as "an oath") in accordance with that Schedule.

²[* * *].

(2) Where under this Constitution an oath is required to be administered by a specified person ³[* * *], it may be administered by such other person and at such place as may be designated by that person.

⁴[(2A) If, within three days next after publication through official Gazette of the result of a general election of members of Parliament under clause (3) of article 123, the person specified under the Constitution for the purpose or such other person designated by that person for the purpose, is unable to, or does not, administer oath to the newly elected members of Parliament, on any account, the Chief Election Commissioner shall administer such oath within three days next thereafter, as if, he is the person specified under the Constitution for the purpose.]

(3) Where under this Constitution a person is required to make an oath before he enters upon an office he shall be deemed to have entered upon the office immediately after he makes the oath.

149. Subject to the provisions of this Constitution all existing laws shall **Saving for existing laws** continue to have effect but may be amended or repealed by law made under this Constitution.

¹ Substituted for the former sub-clause (d) by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 44(ā).

² Clause (1A) was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 22.

³ The words "and for any reason it is impracticable for the oath to be made before that person" were omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), section 30.

⁴ Clause (2A) was inserted by the Constitution (Fourteenth Amendment) Act, 2004 (Act XIV of 2004), section 7.

ক্রান্তিকালীন ও অস্থায়ী
বিধানাবলী

১৫০। (১) এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তনকালে সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত বিধানাবলী ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী হিসাবে কার্যকর থাকিবে।

(২) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখ হইতে ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তন হইবার অব্যবহিত পূর্ব পর্যন্ত সময়কালের মধ্যে সংবিধানের পঞ্চম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে দেওয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ, ষষ্ঠ তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার টেলিগ্রাম এবং সপ্তম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র হইল বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের ঐতিহাসিক ভাষণ ও দলিল, যাহা উক্ত সময়কালের জন্য ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী বলিয়া গণ্য হইবে।

০ রহিতকরণ

১৫১। রাষ্ট্রপতির নিম্নলিখিত আদেশসমূহ এতদ্বারা রহিত করা হইল :

- (ক) আইনের ধারাবাহিকতা বলবৎকরণ আদেশ (১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে প্রণীত);
- (খ) ১৯৭২ সালের বাংলাদেশ অস্থায়ী সংবিধান আদেশ;
- (গ) ১৯৭২ সালের বাংলাদেশ হাইকোর্ট আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫);
- (ঘ) ১৯৭২ সালের বাংলাদেশ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১৫);
- (ঙ) ১৯৭২ সালের বাংলাদেশ গণপরিষদ আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২২);
- (চ) ১৯৭২ সালের বাংলাদেশ নির্বাচন কমিশন আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২৫);
- (ছ) ১৯৭২ সালের বাংলাদেশ সরকারী কর্ম কমিশনসমূহ আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৩৪);
- (জ) ১৯৭২ সালের বাংলাদেশ (সরকারী কর্ম সম্পাদন) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৮)।

খ্যাখ্যা

১৫২। (১) বিষয় বা প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই সংবিধানে

“অধিবেশন” (সংসদ-প্রসঙ্গে) অর্থ এই সংবিধান-প্রবর্তনের পর কিংবা একবার স্থগিত হইবার বা ভাঙ্গিয়া যাইবার পর সংসদ যখন প্রথম মিলিত হয়, তখন হইতে সংসদ স্থগিত হওয়া বা ভাঙ্গিয়া যাওয়া পর্যন্ত বৈঠকসমূহ;

“অনুচ্ছেদ” অর্থ এই সংবিধানের কোন অনুচ্ছেদ;

খ* * *]

^১ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫০ ধারাবলে ১৫০ অনুচ্ছেদের পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫১(ক) ধারাবলে বিলুপ্ত।

¹[150. (1) The provisions set out in the Fourth Schedule of the Constitution at the time of the Commencement of this Constitution on the 16th day of December, 1972 shall have effect as transitional and temporary provisions notwithstanding anything contained in any other provisions of this Constitution. **Transitional and temporary provisions**

(2) In the period between the 7th day of March, 1971 and the date of commencement of this Constitution on the 16th day of December, 1972, the historical speech delivered by Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation, in the Racecourse Maidan, Dhaka on the 7th day of March, 1971, set out in the Fifth Schedule of the Constitution, the telegram of the Declaration of Independence of Bangladesh made by Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation on the 26th day of March, 1971 set out in the Sixth Schedule and the Proclamation of Independence of the Mujibnagar Government on the 10th day of April, 1971 set out in the Seventh Schedule are the historical speech and instruments of the independence and the struggle of freedom of Bangladesh which shall be deemed to be the transitional and the temporary provision for the said period.]

151. The following President's Orders are hereby repealed—

Repeals

- (a) The Laws Continuance Enforcement Order made on 10th April, 1971;
- (b) The Provisional Constitution of Bangladesh Order 1972;
- (c) The High Court of Bangladesh Order 1972 (P.O. No. 5 of 1972);
- (d) The Bangladesh Comptroller and Auditor-General Order 1972 (P.O. No. 15 of 1972);
- (e) The Constituent Assembly of Bangladesh Order 1972 (P.O. No. 22 of 1972);
- (f) The Bangladesh Election Commission Order 1972 (P.O. No. 25 of 1972);
- (g) The Bangladesh Public Service Commissions Order 1972 (P.O. No. 34 of 1972);
- (h) The Bangladesh Transaction of Government Business Order 1972 (P.O. No. 58 of 1972).

152. (1) In this Constitution, except where the subject or context otherwise requires – **Interpretation**

"administrative unit" means a district or other area designated by law for the purposes of article 59;

² [* * *]

¹ Article 150 was substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 45.

² Omitted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV 2011), section 46 (a).

“অবসর-ভাতা” অর্থ আংশিকভাবে প্রদেয় হউক বা না হউক, যে কোন অবসর-ভাতা, যাহা কোন ব্যক্তিকে বা ব্যক্তির ক্ষেত্রে দেয়; এবং কোন ভবিষ্য তহবিলের চাঁদা বা ইহার সহিত সংযোজিত অতিরিক্ত অর্থ প্রত্যাৰ্পণ-ব্যাপদেশে দেয় অবসরকালীন বেতন বা আনুতোষিক ইহার অন্তর্ভুক্ত হইবে;

“অর্থ-বৎসর” অর্থ জুলাই মাসের প্রথম দিবসে যে বৎসরের আরম্ভ;

“আইন” অর্থ কোন আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিল এবং বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন যে কোন প্রথা বা রীতি;

“আদালত” অর্থ সুপ্রীমকোর্টসহ যে কোন আদালত;

“আপীল বিভাগ” অর্থ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ;

“উপ-দফা” অর্থ যে দফার শব্দটি ব্যবহৃত, সেই দফার একটি উপ-দফা;

৬* * *]

“ঋণগ্রহণ” বলিতে বাৎসরিক কিস্তিতে পরিশোধযোগ্য অর্থসংগ্রহ অন্তর্ভুক্ত হইবে; এবং “ঋণ” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে;

“করারোপ” বলিতে সাধারণ, স্থানীয় বা বিশেষ-যে কোন কর, খাজনা, গুজ বা বিশেষ করের আরোপ অন্তর্ভুক্ত হইবে; এবং “কর” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে;

“গ্যারান্টি” বলিতে কোন উদ্যোগের মুনাফা নির্ধারিত পরিমাণের অপেক্ষা কম হইলে তাহার জন্য অর্থ প্রদান করিবার বাধ্যবাধকতা-যাহা এই সংবিধান-প্রবর্তনের পূর্বে গৃহীত হইয়াছে-অন্তর্ভুক্ত হইবে;

“জেলা-বিচারক” বলিতে অতিরিক্ত জেলা-বিচারক অন্তর্ভুক্ত হইবেন;

“তফসিল” অর্থ এই সংবিধানের কোন তফসিল;

“দফা” অর্থ যে অনুচ্ছেদে শব্দটি ব্যবহৃত, সেই অনুচ্ছেদের একটি দফা;

“দেনা” বলিতে বাৎসরিক কিস্তি হিসাবে মূলধন পরিশোধের জন্য যে কোন বাধ্যবাধকতাজনিত দায় এবং যে কোন গ্যারান্টিযুক্ত দায় অন্তর্ভুক্ত হইবে; এবং “দেনার দায়” বলিতে তদনুরূপ অর্থ বুঝাইবে;

“নাগরিক” অর্থ নাগরিকত্ব-সম্পর্কিত আইনানুযায়ী যে ব্যক্তি বাংলাদেশের নাগরিক;

“প্রচলিত আইন” অর্থ এই সংবিধান-প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশের রক্ষীয় সীমানায় বা উহার অংশবিশেষে আইনের ক্ষমতাসম্পন্ন কিন্তু কার্যক্ষেত্রে সক্রিয় থাকুক বা না থাকুক, এমন যে কোন আইন;

“প্রজাতন্ত্র” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ;

“প্রজাতন্ত্রের কর্ম” অর্থ অসামরিক বা সামরিক ক্ষমতায় বাংলাদেশ সরকার-সংক্রান্ত যে কোন কর্ম, চাকুরী বা পদ এবং আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্ম বলিয়া ঘোষিত হইতে পারে, এইরূপ অন্য কোন কর্ম;

৭* * *]

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫১(খ) ধারাবলে সন্নিবেশিত।

^২ সংবিধান (ষড়দশ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২৩ ধারাবলে “উপ-রাষ্ট্রপতি” অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বা নিযুক্ত বাংলাদেশের “উপ-রাষ্ট্রপতি” বিলুপ্ত।

^৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫১(গ) ধারাবলে বিলুপ্ত।

¹["the Appellate Division" means the Appellate Division of the Supreme Court;]

"article" means an article of this Constitution;

"borrowing" includes the raising of money by annuity, and "loan" shall be construed accordingly;

"the capital" has the meaning assigned to that expression in article 5;

²[* * *]

"Chief Election Commissioner" means a person appointed to that office under article 118;

³["The Chief Justice" means the Chief Justice of Bangladesh;]

"citizen" means a person who is a citizen of Bangladesh according to the law relating to citizenship;

"clause" means a clause of the article in which the expression occurs;

⁴["court" means any court of law including Supreme Court ;]

"debt" includes any liability in respect of any obligation to repay capital sums by way of annuities and any liability under any guarantee, and "debt charge" shall be construed accordingly;

"disciplinary law" means a law regulating the discipline of any disciplined force;

"disciplined force" means –

(a) the army, navy or air force;

(b) the police force;

(c) any other force declared by law to be a disciplined force within the meaning of this definition;

"district judge" includes additional district judge;

"existing law" means any law in force in, or in any part of, the territory of Bangladesh immediately before the commencement of this Constitution, whether or not it has been brought into operation;

"financial year" means a year commencing on the first day of July;

"guarantee" includes any obligation undertaken before the commencement of this Constitution to make payments in the event of the profits of an undertaking falling short of a specified amount;

"the High Court Division" means the High Court Division of the Supreme Court;

"judge" means a judge of a division of the Supreme Court;

¹ Substituted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 46(b).

² Omitted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 46(d).

³ Inserted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 46(b).

⁴ Inserted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 46(c).

“প্রধান নির্বাচন কমিশনার” অর্থ এই সংবিধানের ১১৮ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি;

“প্রধান বিচারপতি” অর্থ বাংলাদেশের প্রধান বিচারপতি;

“প্রশাসনিক একাংশ” অর্থ জেলা কিংবা এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে আইনের দ্বারা অভিহিত অন্য কোন এলাকা;

“বিচারক” অর্থ সুপ্রীম কোর্টের কোন বিভাগের কোন বিচারক;

“বিচার-কর্মবিভাগ” অর্থ জেলা-বিচারক-পদের অনূর্ধ্ব কোন বিচারবিভাগীয় পদে অধিষ্ঠিত ব্যক্তিদের লইয়া গঠিত কর্মবিভাগ;

“বৈঠক” (সংসদ-প্রসঙ্গে) অর্থ মূলতবি না করিয়া সংসদ যতক্ষণ ধারাবাহিকভাবে বৈঠকরত থাকেন, সেইরূপ মেয়াদ;

“ভাগ” অর্থ এই সংবিধানের কোন ভাগ;

“রাজধানী” অর্থ এই সংবিধানের ৫ অনুচ্ছেদে রাজধানী বলিতে যে অর্থ করা হইয়াছে;

“রাজনৈতিক দল” বলিতে এমন একটি অধিসঙ্ঘ বা ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত, যে অধিসঙ্ঘ বা ব্যক্তিসমষ্টি সংসদের অভ্যন্তরে বা বাহিরে স্বাতন্ত্র্যসূচক কোন নামে কার্য করেন এবং কোন রাজনৈতিক মত প্রচারের বা কোন রাজনৈতিক তৎপরতা পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য অধিসঙ্ঘ হইতে পৃথক কোন অধিসঙ্ঘ হিসাবে নিজদিগকে প্রকাশ করেন;

“রাষ্ট্র” বলিতে সংসদ, সরকার ও সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ অন্তর্ভুক্ত;

“রাষ্ট্রপতি” অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বাংলাদেশের রাষ্ট্রপতি কিংবা সাময়িকভাবে উক্ত পদে কর্মরত কোন ব্যক্তি;

“শৃঙ্খলা-বাহিনী” অর্থ

(ক) স্থল, নৌ বা বিমান-বাহিনী;

(খ) পুলিশ-বাহিনী;

(গ) আইনের দ্বারা এই সংজ্ঞার অর্থের অন্তর্গত বলিয়া ঘোষিত যে কোন শৃঙ্খলা-বাহিনী;

“শৃঙ্খলামূলক আইন” অর্থ শৃঙ্খলা-বাহিনীর শৃঙ্খলানিয়ন্ত্রণকারী কোন আইন;

“সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ” অর্থ যে কোন কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান, যাহার কার্যাবলী বা প্রধান প্রধান কার্য কোন আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন চুক্তিপত্র-দ্বারা অর্পিত হয়;

- "judicial service"** means a service comprising persons holding judicial posts not being posts superior to that of a district judge;
- "law"** means any Act, ordinance, order, rule, regulation, bye-law, notification or other legal instrument, and any custom or usage, having the force of law in Bangladesh;
- "Parliament"** means the Parliament for Bangladesh established by article 65;
- "Part"** means a Part of this Constitution;
- "pension"** means a pension, whether contributory or not, of any kind whatsoever payable to or in respect of any person, and includes retired pay or gratuity so payable by way of the return or any addition thereto of subscriptions to a provident fund;
- "political party"** includes a group or combination of persons who operate within or outside Parliament under a distinctive name and who hold themselves out for the purpose of propagating a political opinion or engaging in any other political activity;
- "the President"** means the President of Bangladesh elected under this Constitution or any person for the time being acting in that office;
- "property"** includes property of every description movable or immovable, corporeal or incorporeal, and commercial and industrial undertakings, and any right or interest in any such property or undertaking;
- "public notification"** means a notification in the Bangladesh Gazette;
- "public officer"** means a person holding or acting in any office of emolument in the service of the Republic;
- "the Republic"** means the People's Republic of Bangladesh;
- "Schedule"** means a schedule to this Constitution;
- "securities"** includes stock;
- "the service of the Republic"** means any service, post or office whether in a civil or military capacity, in respect of the Government of Bangladesh, and any other service declared by law to be a service of the Republic;
- "session"**, in relation to Parliament, means the sittings of Parliament commencing when it first meets after the commencement of this Constitution or after a prorogation or dissolution of Parliament and terminating when Parliament is prorogued or dissolved;

“সংসদ” অর্থ এই সংবিধানের ৬৫ অনুচ্ছেদ-দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশের সংসদ;

“সম্পত্তি” বলিতে সকল স্থাবর ও অস্থাবর, রক্তগত ও নির্বক্তগত সকল প্রকার সম্পত্তি, বাণিজ্যিক ও শিল্পগত উদ্যোগ এবং অনুরূপ সম্পত্তি বা উদ্যোগের সহিত সংশ্লিষ্ট যে কোন স্বত্ব বা অংশ অন্তর্ভুক্ত হইবে;

“সরকারী কর্মচারী” অর্থ প্রজাতন্ত্রের কর্মে বেতনাদিযুক্ত পদে অধিষ্ঠিত বা কর্মরত কোন ব্যক্তি;

“সরকারী বিজ্ঞপ্তি” অর্থ বাংলাদেশ গেজেটে প্রকাশিত কোন বিজ্ঞপ্তি;

“সিকিউরিটি” বলিতে স্টক অন্তর্ভুক্ত হইবে;

“সুপ্রীম কোর্ট” অর্থ এই সংবিধানের ৯৪ অনুচ্ছেদ-দ্বারা গঠিত বাংলাদেশের সুপ্রীম কোর্ট;

“স্পীকার” অর্থ এই সংবিধানের ৭৪ অনুচ্ছেদ-অনুসারে সাময়িকভাবে স্পীকারের পদে অধিষ্ঠিত ব্যক্তি;

“হাইকোর্ট বিভাগ” অর্থ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ।

(২) ১৮৯৭ সালের জেনারেল ক্লজ্‌স্‌ অ্যাক্ট

(ক) সংসদের কোন আইনের ক্ষেত্রে যেসকল প্রযোজ্য, এই সংবিধানের ক্ষেত্রে সেইরূপ প্রযোজ্য হইবে;

(খ) সংসদের কোন আইনের দ্বারা রহিত কোন আইনের ক্ষেত্রে যেসকল প্রযোজ্য, এই সংবিধানের দ্বারা রহিত কিংবা এই সংবিধানের কারণে বাতিল বা কার্যকরতালুপ্ত কোন আইনের ক্ষেত্রে সেইরূপ প্রযোজ্য হইবে।

প্রবর্তন, উল্লেখ ও
নির্ভরযোগ্য পাঠ

১৫৩। (১) এই সংবিধানকে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান” বলিয়া উল্লেখ করা হইবে এবং ১৯৭২ সালের ডিসেম্বর মাসের ১৬ তারিখে ইহা বলবৎ হইবে, যাহাকে এই সংবিধানে “সংবিধান-প্রবর্তন” বলিয়া অভিহিত করা হইয়াছে।

(২) বাংলায় এই সংবিধানের একটি নির্ভরযোগ্য পাঠ ও ইংরাজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য অনুমোদিত পাঠ থাকিবে এবং উভয় পাঠ নির্ভরযোগ্য বলিয়া গণপরিষদের স্পীকার সার্টিফিকেট প্রদান করিবেন।

(৩) এই অনুচ্ছেদের (২) দফা-অনুযায়ী সার্টিফিকেটযুক্ত কোন পাঠ এই সংবিধানের বিধানাবলীর চূড়ান্ত প্রমাণ বলিয়া গণ্য হইবে;

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরাজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

"sitting", in relation to Parliament, means a period during which Parliament is sitting continuously without adjournment;

"the Speaker" means the person for the time being holding the office of Speaker pursuant to article 74;

"the State" includes Parliament, the Government and statutory public authorities;

"statutory public authority" means any authority, corporation or body the activities or the principal activities of which are authorised by any Act, ordinance, order or instrument having the force of law in Bangladesh;

"sub-clause" means a sub-clause of the clause in which the expression occurs;

"the Supreme Court" means the Supreme Court of Bangladesh constituted by article 94;

"taxation" includes the imposition of any tax, rate, duty or impost, whether general, local or special, and "Tax" shall be construed accordingly¹;

²[* * *]

(2) The General Clauses Act, 1897 shall apply in relation to –

- (a) this Constitution as it applies in relation to an Act of Parliament;
- (b) any enactment repealed by this Constitution, or which by virtue thereof becomes void or ceases to have effect, as it applies in relation to any enactment repealed by Act of Parliament.

153. (1) This Constitution may be cited as the Constitution of the People's Republic of Bangladesh and shall come into force on the sixteenth day of December, 1972, in this Constitution referred to as the commencement of this Constitution.

**Commencement,
citation and
authenticity**

(2) There shall be an authentic text of this Constitution in Bengali, and an authentic text of an authorised translation in English, both of which shall be certified as such by the Speaker of the Constituent Assembly.

(3) A text certified in accordance with clause (2) shall be conclusive evidence of the provisions of this Constitution:

Provided that in the event of conflict between the Bengali and the English text, the Bengali text shall prevail.

¹ Substituted for the full-stop by the Constitution (Ninth Amendment) Act, 1989 (Act XXXVIII of 1989), section 16.

² The words "the Vice-President" means the Vice-President of Bangladesh elected or appointed under this Constitution" - were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 23.

প্রথম ভূফসিল

[৪৭ অনুচ্ছেদ]

অন্যান্য বিধান সম্বন্ধে কার্যকর আইন

১৯৫০ সালের পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাবত্ত আইন (১৯৫১ সালের আইন নং ২৮)।

১৯৭২ সালের বাংলাদেশ (শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্বহণ) আদেশ (অস্থায়ী রট্টিপত্র ১৯৭২ সালের আদেশ নং ১)।

^১১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজ্জকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৮)।

^২১৯৭২ সালের বাংলাদেশ সরকার (কর্মবিভাগসমূহ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৯)।

১৯৭২ সালের বাংলাদেশ শিপিং কর্পোরেশন আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১০)।

^৩১৯৭২ সালের বাংলাদেশ (উৎসাহ সম্পত্তি পুনরুদ্ধার) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১৩)।

^৪১৯৭২ সালের বাংলাদেশ সরকারী কর্মচারী (অবসরগ্রহণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১৪)।

১৯৭২ সালের বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও বিলি-ব্যবস্থা) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১৬)।

১৯৭২ সালের বাংলাদেশ ব্যাঙ্ক (রাষ্ট্রায়ত্ত্বকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২৬)।

১৯৭২ সালের বাংলাদেশ শিল্পোদ্যোগ (রাষ্ট্রায়ত্ত্বকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২৭)।

১৯৭২ সালের বাংলাদেশ অভ্যন্তরীণ জলযান কর্পোরেশন আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২৮)।

১৯৭২ সালের বাংলাদেশ (সম্পত্তি ও পরিসম্পন্ন ন্যস্তকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ২৯)।

১৯৭২ সালের বাংলাদেশ বীমা (জরুরী বিধানাবলী) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৩০)।

^৫১৯৭২ সালের বাংলাদেশ নিত্যব্যবহার্য দ্রব্য সরবরাহ আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৪৭)।

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) এর ৫২ ধারার বলে “১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজ্জকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৮)” সন্নিবেশিত।

^২ বাংলাদেশ সরকার (সার্ভিসেস) (রহিতকরণ) অধ্যাদেশ ১৯৭৫ (১৯৭৫ সালের ৪৪ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৩ ২৬-৯-১৯৭৫ ইং তারিখে অস্তিত্বহীন।

^৪ পাবলিক সার্ভিসেস (অবসর) অধ্যাদেশ, ১৯৭৩ (১৯৭৩ সালের ২৬ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৫ বাংলাদেশ জোগ্যপণ্য সরবরাহ সংস্থা (রহিতকরণ) আইন, ১৯৮১ (১৯৮১ সালের ৩ নং আইন) বলে বাতিলকৃত।

FIRST SCHEDULE**[Article 47]****Laws effective notwithstanding other provisions**

The State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act XXVIII of 1951).

The Bangladesh (Taking over of Control and Management of Industrial and Commercial Concerns) Order, 1972 (A. P. O. No. 1 of 1972).

¹[The Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P.O. No. 8 of 1972)].

²[The Government of Bangladesh (Services) Order, 1972 (P.O. No. 9 of 1972)]

The Bangladesh Shipping Corporation Order, 1972 (P. O. No. 10 of 1972).

³[The Bangladesh (Restoration of Evacuee Property) Order, 1972 (P.O. No. 13 of 1972)]

⁴[The Bangladesh Public Servants (Retirement) Order, 1972 (P.O. No. 14 of 1972)].

The Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 (P. O. No. 16 of 1972).

The Bangladesh Banks (Nationalisation) Order, 1972 (P. O. No. 26 of 1972).

The Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P. O. No. 27 of 1972).

The Bangladesh Inland Water Transport Corporation Order, 1972 (P. O. No. 28 of 1972).

The Bangladesh (Vesting of Property and Assets) Order, 1972 (P. O. No. 29 of 1972).

The Bangladesh Insurance (Emergency Provisions) Order, 1972 (P. O. No. 30 of 1972).

⁵[The Bangladesh Consumer Supplies Corporation Order, 1972 (P.O. No. 47 of 1972)].

¹ The entry "The Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P.O. No. 8 of 1972)" was inserted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 47.

² Repealed by the Government of Bangladesh (Service) (Repeal) Ordinance, 1975 (Ordinance XLIV of 1975).

³ Spent on 26-9-1975.

⁴ Repealed by the public servant's (Retirement) Ordinance, 1973 (Ordinance XXVI of 1973).

⁵ Repealed by the Bangladesh Consumer Supplies Corporation (Repeal) Act, 1981 (Act III of 1981).

১[১৯৭২ সালের বাংলাদেশ তফসিলভুক্ত অপরাধ (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫০)।]

২[১৯৭২ সালের রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারী সংগঠনসমূহ (কর্মচারীদের বেতন-নিয়ন্ত্রণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৪)।]

৩[১৯৭২ সালের বাংলাদেশ পাট রপ্তানী সংস্থা আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৭)।]

৪৯৭২ সালের বাংলাদেশ পানি ও বিদ্যুৎ উন্নয়ন পর্ষদসমূহ আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৫৯)।

৪[১৯৭২ সালের বাংলাদেশ সরকার (সার্ভিসেসজ্ জুনিং) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৬৭)।]

৫[১৯৭২ সালের বাংলাদেশ সরকার হাট ও বাজার (ব্যবস্থাপনা) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৭৩)।]

৬[১৯৭২ সালের বাংলাদেশ সরকার ও আংশিক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ (কর্মচারীদের বেতন-নিয়ন্ত্রণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৭৯)।]

৭৯৭২ সালের বাংলাদেশ বীমা (রাষ্ট্রায়ত্ত্বকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৯৫)।

৮৯৭২ সালের বাংলাদেশ ভূমি জিরাত (সীমাবদ্ধকরণ) আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ৯৮)।

৯[১৯৭২ সালের বাংলাদেশ বিমান আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৬)।]

১০৯৭২ সালের বাংলাদেশ ব্যাঙ্ক আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৭)।

১১৯৭২ সালের বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৮)।

১২৯৭২ সালের বাংলাদেশ শিল্প ব্যাঙ্ক আদেশ (১৯৭২ সালের পি.ও. নং ১২৯)।

এবং রাষ্ট্রপতির আদেশসহ প্রচলিত আইনের দ্বারা কৃত উপরি-উক্ত আইন ও আদেশসমূহের সকল সংশোধনী।

[দ্বিতীয় তফসিল রাষ্ট্রপতি-নির্বাচন-সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২নং আইন) এর ৩০ ধারাবলে দ্বিতীয় তফসিল বিলুপ্ত।]

^১ বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ (১৯৭৪ সালের ১৪ নং আইন) বলে বাতিলকৃত।

^২ কর্মচারীদের বেতন ভাড়া আইন (রহিতকরণ) অধ্যাদেশ ১৯৭৭ (১৯৭৭ সালের ৪২ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৩ বাংলাদেশ পাট কর্পোরেশন অধ্যাদেশ ১৯৮৫ (১৯৮৫ সালের ৩০ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৪ বাংলাদেশ (সার্ভিসেসজ্ জুনিং) (রহিতকরণ) অধ্যাদেশ ১৯৭৭ (১৯৭৭ সালের ১৫ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৫ বাংলাদেশ সরকার হাট ও বাজার (ব্যবস্থাপনা) (রহিতকরণ) অধ্যাদেশ, ১৯৭৫ (১৯৭৫ সালের ৫৯ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

^৬ বাংলাদেশ বিমান কর্পোরেশন অধ্যাদেশ ১৯৭৭ (১৯৭৭ সনের ১৯ নং অধ্যাদেশ) বলে বাতিলকৃত।

¹[The Bangladesh Scheduled Offences (Special Tribunals) Order, 1972 (P.O. No. 50 of 1972)].

²[The Bangladesh Nationalised and Private Organisations (Regulation of Salary of Employees) Order, 1972 (P.O. No. 54 of 1972)].

³[The Bangladesh Jute Export Corporation Order, 1972 (P.O. No. 57 of 1972)].

The Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P. O. No. 59 of 1972).

⁴[The Government of Bangladesh (Services Screening) Order, 1972 (P.O. No. 67 of 1972)].

⁵[The Bangladesh Government Hats and Bazars (Management) Order, 1972 (P.O. No. 73 of 1972)].

²[The Bangladesh Government and Semi-autonomous Organisations (Regulation of Salary of Employees) Order, 1972 (P.O. No. 79 of 1972)].

The Bangladesh Insurance (Nationalisation) Order, 1972 (P.O. No. 95 of 1972).

The Bangladesh Land Holding (Limitation) Order, 1972 (P.O. No. 98 of 1972).

⁶[The Bangladesh Biman Order, 1972 (P.O. No. 126 of 1972)].

The Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972).

The Bangladesh Shilpa Rin Sangstha Order, 1972 (P.O. No. 128 of 1972).

The Bangladesh Shilpa Bank Order, 1972 (P.O. No. 129 of 1972).

And all Presidential Orders and other existing law effecting amendment to the above-mentioned Act and Orders.

[Second Schedule Election of President—omitted by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), section 31.]

¹ Repealed by the Special Powers Act, 1974 (Act XIV of 1974).

² Repealed by the regulation of Salary of Employees Laws Repeal Ordinance, 1977 (Ordinance XLII of 1977).

³ Repealed by the Bangladesh Jute Corporation Ordinance, 1985 (Ordinance XXX of 1985).

⁴ Repealed by the Government of Bangladesh (Service Screening) (Repeal) Ordinance, 1977 (Ordinance XV of 1977).

⁵ Repealed by the Bangladesh Government Hats and Bazars (Management) (Repeal) Ordinance, 1975 (Ordinance LIX of 1975).

⁶ Repealed by the Bangladesh Biman Corporation Ordinance, 1977 (Ordinance XIX of 1977).

তৃতীয় ভঙ্গলি

[১৪৮ অনুচ্ছেদ]

শপথ ও ঘোষণা

১। রাষ্ট্রপতি।—রাষ্ট্রপতির কর্তৃক নিম্নলিখিত করমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি,....., সপ্রত্যাশিত শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতি-পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব ;

এবং আমি জীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীন আচরণ করিব।”

৭* * *

৭* * *

২। প্রধানমন্ত্রী। ৭* * *। এক অধ্যক্ষ মন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপমন্ত্রী।—রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত করমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

“আমি,....., সপ্রত্যাশিত শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সরকারের প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)-পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব ;

এবং আমি জীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীন আচরণ করিব।”

^১ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫৩(ক) ধারাবলে “প্রধান বিচারপতি” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২৪(ক) ধারাবলে “১ক। উপ-রাষ্ট্রপতি” শব্দটি বিসৃত।

^৩ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫৩(খ) ধারাবলে “১ক” বিসৃত।

^৪ সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫৩(গ) ধারাবলে “প্রধানমন্ত্রী” শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

^৫ সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৮ নং আইন)-এর ২৪ (খ) ধারাবলে “উপ-প্রধানমন্ত্রী” কথা ও শব্দটি বিসৃত।

THIRD SCHEDULE

[Article 148]

OATHS AND AFFIRMATIONS

1. The President.—An oath (or affirmation) in the following form shall be administered by the ¹[Speaker]—

"I,.....do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of President of Bangladesh according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

²{* * * }

³{* * * }

2. The ⁴[Prime Minister] ⁵{* * *} and other Ministers, Ministers of State and Deputy Ministers].— Oaths (or affirmations) in the following forms shall be administered by the President –

(a) Oath (or affirmation) of office :

"I, do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Prime Minister (or as the case may be) according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

¹ Substituted for the words "Chief Justice" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 48(a).

² Form "1A Vice-President" was omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 24(a).

³ Form 1A was omitted by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 48(b).

⁴ Substituted for the words "Prime Minister" by the Constitution (Fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 48(c).

⁵ The comma and words ", Deputy Prime Minister" were omitted by the Constitution (Twelfth Amendment) Act, 1991 (Act XXVIII of 1991), section 24(b).

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

“আমি, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, সরকারের প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)-রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধানমন্ত্রী (কিংবা ক্ষেত্রমত মন্ত্রী, প্রতি-মন্ত্রী, বা উপমন্ত্রী)-রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।”

৩। স্পীকার।—^১রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সংসদের স্পীকারের কর্তব্য (এবং কখনও আহত হইলে রাষ্ট্রপতির কর্তব্য) বিশ্বস্ততার সহিত পালন করিব;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব;

এবং আমি জীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীন আচরণ করিব।”

৪। ডেপুটি স্পীকার।—^২রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)- পাঠ পরিচালিত হইবে :

“আমি, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী সংসদের ডেপুটি স্পীকারের কর্তব্য (এবং কখনও আহত হইলে স্পীকারের কর্তব্য) বিশ্বস্ততার সহিত পালন করিব;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব;

এবং আমি জীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহীন আচরণ করিব।”

^১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ৫৩(খ) ধারাবলে (২ক) ফরম বিলুপ্ত।

^২ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন)-এর ৩১ ধারাবলে “প্রধান বিচারপতি” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

(b) Oath (or affirmation) of secrecy :

"I,, do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Prime Minister (or as the case may be) except as may be required for the due discharge of my duty as Prime Minister (or as the case may be)."

{* * *}

3. The Speaker.— An oath (or affirmation) in the following forms shall be administered by the ²[President]—

"I,, do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the Speaker of Parliament and (whenever I am called upon so to do) of the President, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

4. Deputy Speaker.— An oath (or affirmation) in the following forms shall be administered by the ³[President]—

"I,, do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of Deputy Speaker of Parliament and (whenever I am called upon so to do) of the Speaker, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will."

¹ Form 2A was omitted by the Constitution (fifteenth Amendment) Act, 2011 (Act XIV of 2011), section 48(d).

² Substituted for the words "Chief Justice" by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), section 32(c).

³ Substituted for the words "Chief Justice" by the Constitution (Fourth Amendment) Act, 1975 (Act II of 1975), section 32(d).

৫। সংসদ-সদস্য।—^১[* * *] স্পীকার কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , সংসদ-সদস্য নির্বাচিত হইয়া সপ্রকৃতিতে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে,

আমি যে কর্তব্যভার গ্রহণ করিতে বাইতেছি, তাহা আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

এবং সংসদ-সদস্যরূপে আমার কর্তব্য পালনকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না।”

৬। প্রধান বিচারপতি বা বিচারক।—প্রধান বিচারপতির ক্ষেত্রে রাষ্ট্রপতি কর্তৃক এবং সূত্রীম কোর্টের কোন বিভাগের কোন বিচারকের ক্ষেত্রে প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , প্রধান বিচারপতি (বা ক্ষেত্রমত সূত্রীম কোর্টের আপীল/হাইকোর্ট বিভাগের বিচারক) নিযুক্ত হইয়া সপ্রকৃতিতে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি জীতি বা অনুগ্রহ, অনুগ্রাণ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।”

৭। প্রধান নির্বাচন কমিশনার বা নির্বাচন কমিশনার।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে :

“আমি, , প্রধান নির্বাচন কমিশনার (বা ক্ষেত্রমত নির্বাচন কমিশনার) নিযুক্ত হইয়া সপ্রকৃতিতে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমার সরকারী কার্য ও সরকারী সিদ্ধান্তকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না।”

^১ সংবিধান (চতুর্থ সংশোধন) আইন, ১৯৭৫ (১৯৭৫ সনের ২ নং আইন) বলে “সংসদের কোন বৈঠকে” শব্দগুলি বিসৃত।

5. Member of Parliament.— An oath (or affirmation) in the following forms shall be administered ¹[* * *] by the Speaker—

"I,, having been elected a member of Parliament do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties upon which I am about to enter according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

And that I will not allow my personal interest to influence the discharge of my duties as a member of Parliament."

²[6. Chief Justice or Judges.—An oath (or affirmation) in the following forms shall be administered, in the case of the Chief Justice by the President, and in the case of a Judge appointed to a division, by the Chief Justice—

"I,, having been appointed Chief Justice of Bangladesh (or Judge of the Appellate/High Court Division of the Supreme Court) do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of my office according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution and the laws of Bangladesh :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will.]

7. Chief Election Commissioner or Election Commissioner.— An oath (or affirmation) in the following forms shall be administered by the Chief Justice—

"124. **Parliament may make provision as to elections.**—Subject to the provisions of this Constitution, Parliament may by law make provision with respect to all matters relating to or in connection with elections to Parliament, including the delimitation of constituencies, the preparation of electoral rolls, the holding of elections, and all other matters necessary for securing the due Constitution of Parliament."

16. Amendment of article 125 of the Constitution.—In the Constitution, in article 125, in clause (b), the words "and Vice-President" shall be omitted.

17. Amendment of article 141A of the Constitution.—In the Constitution, in article 141A, in clause (1), the following proviso shall be added, namely :—

"Provided that such Proclamation shall require for its validity the prior counter signature of the Prime Minister."

18. Amendment of article 141C of the Constitution.—In the Constitution, in article 141C, in clause (1), for the words "by order" the words and comma "on the written advice of the Prime Minister, by order" shall be substituted.

১৯। সংবিধানের ১৪২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪২ অনুচ্ছেদে—

- (ক) (১ক) দফায় ৫৬ সংখ্যাটির পূর্বে “,” কমার পরিবর্তে “বা” শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং “, ৫৮, ৮০ বা ৯২ক” কমাগুলি, সংখ্যাগুলি ও শব্দটি বিলুপ্ত হইবে ;
- (খ) (১খ) দফায় “রাষ্ট্রপতির পদে” শব্দগুলির পরিবর্তে “সংসদ” শব্দটি প্রতিস্থাপিত হইবে ;
- (গ) (১গ) দফার পর নিম্নরূপ নূতন (১ঘ) দফা সন্নিবেশিত হইবে, যথা :-

“(১ঘ) (১গ) দফার কোন কিছুই মন্ত্রিসভা বা সংসদের উপর আস্থা বা অনাস্থা বলিয়া গণ্য হইবে না।”।

২০। সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশটি প্রতিস্থাপিত হইবে, যথা :-

“তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।”।

২১। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।— সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফার—

- (ক) (কক) উপ-দফা বিলুপ্ত হইবে ; এবং
- (খ) (খ) উপ-দফায় “বা উপ-প্রধানমন্ত্রী” শব্দগুলি বিলুপ্ত হইবে।

২২। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (১ক) দফা বিলুপ্ত হইবে।

২৩। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।— সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফায় “উপ-রাষ্ট্রপতি” অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বা নিযুক্ত বাংলাদেশের উপ-রাষ্ট্রপতি” শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৪। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।— সংবিধানের তৃতীয় তফসিলে,—

- (ক) ফরম ১ক বিলুপ্ত হইবে ; এবং
- (খ) ফরম ২-এর শিরনামায় “, উপ-প্রধানমন্ত্রী” কমাটি ও শব্দটি বিলুপ্ত হইবে।

২৫। সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।— সংবিধানের চতুর্থ তফসিলের—

- (ক) ২০ অনুচ্ছেদ বিলুপ্ত হইবে ; এবং
- (খ) ২১ অনুচ্ছেদের পর নিম্নরূপ ২২ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা :-

“২২। সংবিধানে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৮, ১৯৯১) প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে সংসদ কর্মরত ছিল উহা সংবিধান ও আইন অনুযায়ী যথাযথভাবে নির্বাচিত ও গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা সংবিধানের ৭২ অনুচ্ছেদের বিধান অনুযায়ী বহাল থাকিবে।”।

19. Amendment of article 142 of the Constitution.—In the Constitution, in article 142,—

(a) in clause (1A), for the comma before the figure "56" the word "or" shall be substituted and the commas and figures ", 58, 80, 92A" shall be omitted ;

(b) in clause (1B), for the words "the office of President" the word "Parliament" shall be substituted ; and

(c) after clause (1C), the following new clause shall be inserted, namely :—

"(1D) Nothing in clause (1C) shall be deemed to be an expression of confidence or no-confidence in the Cabinet or Parliament."

20. Amendment of article 145A of the Constitution.—In the Constitution, in article 145A for the proviso the following proviso shall be substituted, namely :—

"Provided that any such treaty connected with national security shall be laid in a secret session of Parliament."

21. Amendment of article 147 of the Constitution.—In the Constitution, in article 147, in clause (4),—

(a) sub-clause (aa) shall be omitted ; and

(b) in sub-clause (b), the words "or Deputy Prime Minister" shall be omitted.

22. Amendment of article 148 of the Constitution.—In the Constitution, in article 148, clause (1A) shall be omitted.

23. Amendment of article 152 of the Constitution.—In the Constitution, in article 152, in clause (1), the words "the Vice-President" means the Vice-President of Bangladesh elected or appointed under this Constitution" shall be omitted.

24. Amendment of the Third Schedule to the Constitution.—In the Constitution, in the Third Schedule,—

(a) form 1A shall be omitted ; and

(b) in form 2, in the heading, the comma and words ", Deputy Prime Ministers" shall be omitted.

25. Amendment of the Fourth Schedule of the Constitution.—In the Constitution, in the Fourth Schedule,—

(a) paragraph 20 shall be omitted ; and

(b) after paragraph 21, the following new paragraph 22 shall be added, namely :—

"22. Notwithstanding anything contained in the Constitution, the Parliament functioning immediately before the commencement of the Constitution (Twelfth Amendment) Act, 1991 (XXVIII of 1991) shall be deemed to have been duly elected and constituted in accordance with the Constitution and Law and shall continue to function under the provisions of article 72 of the Constitution."

পরিশিষ্ট ১৫.

* সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬
১৯৯৬ সনের ১ নং আইন

[২৮শে মার্চ, ১৯৯৬]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে শ্রীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনামা।- এই আইন সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংবিধানে নূতন ৫৮ক অনুচ্ছেদের সন্নিবেশ।-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া উল্লেখিত)-এর ৫৮ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :-

“৫৮ক। পরিচ্ছেদের প্রয়োগ।- এই পরিচ্ছেদের কোন কিছু ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী ব্যতীত, যে মেয়াদে সংসদ ভাংগিয়া দেওয়া হয় বা ভংগ অবস্থায় থাকে সেই মেয়াদে প্রযুক্ত হইবে না :

তবে শর্ত থাকে যে, ২ক পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যেক্ষেত্রে ৭২(৪) অনুচ্ছেদের অধীন কোন ভংগ হইয়া যাওয়া সংসদকে পুনরাক্ৰান করা হয় সেক্ষেত্রে এই পরিচ্ছেদ প্রযোজ্য হইবে।”।

৩। সংবিধানে নূতন ২ক পরিচ্ছেদের সন্নিবেশ।- সংবিধানের চতুর্থ ভাগের ২য় পরিচ্ছেদের পর নিম্নরূপ নূতন পরিচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :-

“২ক পরিচ্ছেদ-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার

৫৮খ। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার।- (১) সংসদ ভাংগিয়া দেওয়ার পর বা মেয়াদ অবসানের কারণে ভংগ হইবার পর যে তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা কার্যভার গ্রহণ করেন সেই তারিখ হইতে সংসদ গঠিত হওয়ার পর নূতন প্রধানমন্ত্রী তাঁহার পদের কার্যভার গ্রহণ করার তারিখ পর্যন্ত মেয়াদে একটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে।

(২) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার যৌথভাবে রাষ্ট্রপতির নিকট দায়ী থাকিবেন।

(৩) (১) দফায় উল্লেখিত মেয়াদে প্রধান উপদেষ্টা কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা, ৫৮ঘ (১) অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, প্রযুক্ত হইবে এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের পরামর্শ অনুযায়ী তৎ-কর্তৃক উহা প্রযুক্ত হইবে।

* সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রদত্ত ত্রয়োদশ সংশোধনী মামলার রায়ে অবৈধ ও অসাংবিধানিক ঘোষিত হইয়াছে।

APPENDIX XV

*** THE CONSTITUTION (THIRTEENTH AMENDMENT) ACT, 1996**

১৯৯৬ সনের ১ নং আইন

[২৮শে মার্চ, ১৯৯৬]

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :-

1. **Short title.**— This Act may be called the Constitution (Thirteenth Amendment) Act, 1996.

2. **Insertion of new article 58A in the Constitution.**—In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, after article 58, the following new article shall be inserted, namely :-

"58A. **Application of Chapter.**—Nothing in this Chapter, except the provisions of article 55 (4), (5) and (6), shall apply during the period in which Parliament is dissolved or stands dissolved :

Provided that, notwithstanding anything contained in Chapter IIA, where the President summons Parliament that has been dissolved to meet under article 72(4), this Chapter shall apply."

3. **Insertion of new Chapter IIA in the Constitution.**—In the Constitution, in Part IV, after Chapter II, the following new Chapter shall be inserted, namely :-

"CHAPTER IIA—NON-PARTY CARE-TAKER GOVERNMENT

58B . **The Non-Party Care-taker Government.**—(1) There shall be a Non-Party Care-taker Government during the period from the date on which the Chief Adviser of such government enters upon office after Parliament is dissolved or stands dissolved by reason of expiration of its term till the date on which a new Prime Minister enters upon his office after the constitution of Parliament.

(2) The Non-Party Care-taker Government shall be collectively responsible to the President.

(3) The executive power of the Republic shall, during the period mentioned in clause (1), be exercised, subject to the provisions of article 58D (1), in accordance with this Constitution, by or on the authority of the Chief Adviser and shall be exercised by him in accordance with the advice of the Non-Party Care-taker Government.

*The Constitution (Thirteenth Amendment) Act, 1996 has been declared illegal and unconstitutional by the Supreme Court in the Constitution Thirteenth Amendment case.

(৪) ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী (প্রয়োজনীয় অভিযোজন সহকারে) (১) দফায় উল্লেখিত মেয়াদে একইরূপ বিষয়াবলীর ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

৫৮গ। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের গঠন, উপদেষ্টাগণের নিয়োগ ইত্যাদি।— (১) প্রধান উপদেষ্টার নেতৃত্বে প্রধান উপদেষ্টা এবং অপর অনধিক দশজন উপদেষ্টার সমন্বয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠিত হইবে, যাহারা রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) সংসদ ভাঙ্গিয়া দেওয়ার বা ভঙ্গ হইবার পরবর্তী পনের দিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং অন্যান্য উপদেষ্টাগণ নিযুক্ত হইবেন এবং যে তারিখে সংসদ ভাঙ্গিয়া দেওয়া হয় বা ভঙ্গ হয় সেই তারিখ হইতে যে তারিখে প্রধান উপদেষ্টা নিযুক্ত হন সেই তারিখ পর্যন্ত মেয়াদে সংসদ ভাঙ্গিয়া দেওয়ার বা ভঙ্গ হইবার অব্যবহিত পূর্বে দায়িত্ব পালনরত প্রধানমন্ত্রী ও তাহার মন্ত্রিসভা তাহাদের দায়িত্ব পালন করিতে থাকিবেন।

(৩) রাষ্ট্রপতি বাংলাদেশের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি বাংলাদেশের সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতির অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৪) যদি কোন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে সর্বশেষে অবসরপ্রাপ্ত অনুরূপ বিচারকের অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত বিচারককে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৫) যদি আপীল বিভাগের কোন অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি, যতদূর সম্ভব, প্রধান রাজনৈতিক দলসমূহের সহিত আলোচনাক্রমে, বাংলাদেশের যে সকল নাগরিক এই অনুচ্ছেদের অধীনে উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাহাদের মধ্য হইতে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৬) এই পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যদি (৩), (৪) ও (৫) দফাসমূহের বিধানাবলীকে কার্যকর করা না যায়, তাহা হইলে রাষ্ট্রপতি এই সংবিধানের অধীন তাহার স্বীয় দায়িত্বের অতিরিক্ত হিসাবে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করিবেন।

(৭) রাষ্ট্রপতি-

(ক) সংসদ-সদস্য হিসাবে নির্বাচিত হইবার যোগ্য ;

(4) The provisions of article 55(4), (5) and (6) shall (with the necessary adaptations) apply to similar matters during the period mentioned in clause (1).

58C. Composition of the Non-Party Care-taker Government, appointment of Advisers, etc. :—(1) The Non-Party Care-taker Government shall consist of the Chief Adviser at its head and not more than ten other Advisers, all of whom shall be appointed by the President.

(2) The Chief Adviser and other Advisers shall be appointed within fifteen days after Parliament is dissolved or stands dissolved, and during the period between the date on which Parliament is dissolved or stands dissolved and the date on which the Chief Adviser is appointed, the Prime Minister and his cabinet who were in office immediately before Parliament was dissolved or stood dissolved shall continue to hold office as such.

(3) The President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Chief Justice is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired next before the last retired Chief Justice.

(4) If no retired Chief Justice is available or willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Judge is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired next before the last such retired Judge.

(5) If no retired Judge of the Appellate Division is available or willing to hold the office of Chief Adviser, the President shall, after consultation, as far as practicable, with the major political parties, appoint the Chief Adviser from among citizens of Bangladesh who are qualified to be appointed as Advisers under this article.

(6) Notwithstanding anything contained in this Chapter, if the provisions of clauses (3), (4) and (5) cannot be given effect to, the President shall assume the functions of the Chief Adviser of the Non-Party Care-taker Government in addition to his own functions under this Constitution.

(7) The President shall appoint Advisers from among the persons who are—

(a) qualified for election as members of Parliament ;

- (খ) কোন রাজনৈতিক দল অথবা কোন রাজনৈতিক দলের সহিত যুক্ত বা অংগীভূত কোন সংগঠনের সদস্য নহেন ;
- (গ) সংসদ-সদস্যদের আসন্ন নির্বাচনে প্রার্থী নহেন, এবং প্রার্থী হইবেন না মর্মে লিখিতভাবে সম্মত হইয়াছেন ;
- (ঘ) বাহ্যিক বৎসরের অধিক বয়স্ক নহেন।

এইরূপ ব্যক্তিগণের মধ্য হইতে উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৮) রষ্ট্রেপতি প্রধান উপদেষ্টার পরামর্শ অনুযায়ী উপদেষ্টাগণের নিয়োগদান করিবেন।

(৯) রষ্ট্রেপতির উদ্দেশ্যে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরযুক্ত পত্রযোগে প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(১০) প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা এই অনুচ্ছেদের অধীন উক্তরূপ নিয়োগের যোগ্যতা হারাইলে তিনি উক্ত পদে বহাল থাকিবেন না।

(১১) প্রধান উপদেষ্টা প্রধানমন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন এবং উপদেষ্টা মন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন।

(১২) নূতন সংসদ গঠিত হইবার পর প্রধানমন্ত্রী যে তারিখে তাঁহার পদের কার্যভার গ্রহণ করেন সেই তারিখে নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকার বিলুপ্ত হইবে।

৫৮ঘ। নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকারের কার্যাবলী।—(১) নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকার একটি অন্তর্বর্তীকালীন সরকার হিসাবে ইহার দায়িত্ব পালন করিবেন এবং প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ব্যক্তিগণের সাহায্য ও সহায়তায় উক্তরূপ সরকারের দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করিবেন ; এবং এইরূপ কার্যাবলী সম্পাদনের প্রয়োজন ব্যতীত কোন নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ করিবেন না।

(২) নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকার শান্তিপূর্ণ, সূচু ও নিরপেক্ষভাবে সংসদ-সদস্যগণের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য যেরূপ সাহায্য ও সহায়তার প্রয়োজন হইবে, নির্বাচন কমিশনকে সেইরূপ সকল সম্ভাব্য সাহায্য ও সহায়তা প্রদান করিবেন।

৫৮ঙ। সর্ববিধানের কতিপয় বিধানের অকার্যকরতা।—এই সংবিধানের ৪৮(৩), ১৪১ক(১) এবং ১৪১গ(১) অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন, ৫৮খ অনুচ্ছেদের (১) দফার মেয়াদে নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকারের কার্যকালে রষ্ট্রেপতি কর্তৃক প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী বা তাঁহার প্রতিশ্রুতির গ্রহণান্তে কার্য করার বিধানসমূহ অকার্যকর হইবে।”।

৪। সর্ববিধানের ৬১ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৬১ অনুচ্ছেদের “নিয়ন্ত্রিত হইবে” শব্দগুলির পরিবর্তে “নিয়ন্ত্রিত হইবে এবং যে মেয়াদে ৫৮খ অনুচ্ছেদের অধীন নির্দলীয় ভ্রাতৃবধায়ক সরকার থাকিবে সেই মেয়াদে উক্ত আইন রষ্ট্রেপতি কর্তৃক পরিচালিত হইবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

- (b) not members of any political party or of any organisation associated with or affiliated to any political party ;
- (c) not, and have agreed in writing not to be, candidates for the ensuring election of members of Parliament ;
- (d) not over seventy-two years of age.

(8) The Advisers shall be appointed by the President on the advice of the Chief Adviser.

(9) The Chief Adviser or an Adviser may resign his office by writing under his hand addressed to the President.

(10) The Chief Adviser or an Adviser shall cease to be Chief Adviser or Adviser if he is disqualified to be appointed as such under this article.

(11) The Chief Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Prime Minister, and an Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Minister.

(12) The Non-Party Care-taker Government shall stand dissolved on the date on which the Prime Minister enters upon his office after the constitution of new Parliament.

58D. Functions of Non-Party Care-taker Government.—(1) The Non-Party Care-taker Government shall discharge its functions as an interim government and shall carry on the routine functions of such government with the aid and assistance of persons in the services of the Republic ; and, except in the case of necessity for the discharge of such functions its shall not make any policy decision.

(2) The Non-Party Care-taker Government shall give to the Election Commission all possible aid and assistance that may be required for holding the general election of members of Parliament peacefully, fairly and impartially.

58E. Certain provisions of the Constitution to remain ineffective.—Notwithstanding anything contained in articles 48(3), 141A(1) and 141C(1) of the Constitution, during the period the Non-Party Care-taker Government is functioning, provisions in the Constitution requiring the President to act on the advice of the Prime Minister or upon his prior counter-signature shall be ineffective.”.

4. Amendment of article 61 of the Constitution.—In the Constitution, in article 61, after the word "law" at the end, the commas, words and figure "and such law shall, during the period in which there is a Non-Party Care-taker Government under article 58B, be administered by the President.”.

৫। সংবিধানের ৯৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৯ অনুচ্ছেদের (১) দফায় “আধা-বিচার বিভাগীয় পদ” শব্দগুলির পরিবর্তে “আধা-বিচার বিভাগীয় পদ অথবা প্রধান উপদেষ্টা বা উপদেষ্টার পদ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(৩) মেয়াদ অবসানের কারণে অথবা মেয়াদ অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাণ্ডারীয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।”।

৭। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফায়,—

(ক) (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(খ) প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ;” এবং

(ঘ) (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(ঘ) মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী ;”।

৮। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফায়,—

(ক) “অনুচ্ছেদ” অভিযুক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথা :-

“ “উপদেষ্টা” অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;”

(খ) “প্রজাতন্ত্রের কর্ম” অভিযুক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথা :-

“ “প্রধান উপদেষ্টা” অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;”।

৯। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।—(১) সংবিধানের তৃতীয় তফসিলের ফরম ১ এর পর নিম্নরূপ ফরম ১ক সন্নিবেশিত হইবে, যথা :-

“১ক। রাষ্ট্রপতি কর্তৃক প্রধান উপদেষ্টার দায়িত্ব পালনের ক্ষেত্রে।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা) পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

“আমি,, সপ্রকৃতিস্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

5. Amendment of article 99 of the Constitution.—In the Constitution, in article 99, in clause (1), after the words "quasi-judicial office", the words "or the office of Chief Adviser or Adviser" shall be inserted.

6. Amendment of article 123 of the Constitution.—In the Constitution, in article 123, for clause (3) the following shall be substituted, namely :—

"(3) A general election of members of Parliament shall be held within ninety days after Parliament is dissolved, whether by reason of the expiration of its term or otherwise than by reason of such expiration."

7. Amendment of article 147 of the Constitution.—In the Constitution, in article 147, in clause (4),—

(a) for sub-clause (b) the following sub-clause shall be substituted, namely :—

"(b) Prime Minister or Chief Adviser," and

(b) for sub-clause (d) the following sub-clause shall be substituted, namely :—

"(d) Minister, Adviser, Minister of State or Deputy Minister ;".

8. Amendment of article 152 of the Constitution.—In the Constitution, in article 152, in clause (1)—

(a) after the definition of the expression "administrative unit", the following definition shall be inserted namely :—

" "Adviser" means a person appointed to that office under article 58C ;" and

(b) after the definition of the expression "the capital", the following definition shall be inserted, namely :—

" "Chief Adviser" means a person appointed to that office under article 58C."

9. Amendment of the Third Schedule to the Constitution.—(1) In the Constitution, in the Third Schedule, after form I, the following new form IA shall be inserted, namely :—

"IA. The President in the case of performing the functions of the Chief Adviser.—Oaths (or affirmations) in the following forms shall be administered by the Chief Justice—

(a) Oath (or affirmation) of office :

"I," do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Chief Adviser of the Non-Party Care-taker Government according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।” ;

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টারূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টারূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।” ;

(২) সংবিধানের তৃতীয় তফসিলের ফরম ২ এর পর নিম্নরূপ ফরম ২ক সন্নিবেশিত হইবে, যথা :-

“২ক। প্রধান উপদেষ্টা এবং উপদেষ্টাগণ রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা) পাঠ পরিচালিত হইবে :

(ক) পদের শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) পদের কর্তব্য বিন্দুস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ; এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।” ;

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) :

“আমি,, সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।” ।

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will." ;

(b) Oath (or Affirmation) of secrecy :

"I, do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser of the Non-Party Care-taker Government except as may be required for the due discharge of my duty as Chief Adviser."

(2) In the Constitution, in the Third Schedule, after form 2, the following new form shall be inserted, namely :-

"2A. The Chief Adviser

..... and Advisers.—Oaths (or affirmations) in the following forms shall be administered by the President—

(a) Oath (or affirmation) of office :

"I,, do solemnly swear (or affirm) that I will faithfully, discharge the duties of the office of the Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh ;

That I will preserve, protect and defend the Constitution ;

That I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will." ;

(b) Oath (or affirmation) of secrecy :

"I,, do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, except as may be required for the due discharge of my duty as Chief Adviser (or Adviser)."



পরিশিষ্ট ১৬

সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪
২০০৪ সনের ১৪ নং আইন

[১৭ মে, ২০০৪]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।—(১) এই আইন সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। সংবিধানে নতুন ৪ক অনুচ্ছেদের সন্নিবেশ।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত, এর ৪ অনুচ্ছেদের পর নিম্নরূপ নতুন ৪ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :—

“৪ক। প্রতিকৃতি।—(১) রাষ্ট্রপতির প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারের কার্যালয় এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।

(২) (১) দফার অতিরিক্ত কেবলমাত্র প্রধানমন্ত্রীর প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারের কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।”।

৩। সংবিধানের ৬৫ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অব্যবহিত পরবর্তী সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে শুরু করিয়া দশ বৎসর কাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তীকালে সংসদ ভাঙ্গিয়া না যাওয়া পর্যন্ত পঁয়তাল্লিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী পূর্বেই সদস্যদের দ্বারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির ভিত্তিতে একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন ;

তবে শর্ত থাকে যে, এই দফার কোন কিছুই এই অনুচ্ছেদের (২) দফার অধীন কোন আসনে কোন মহিলার নির্বাচন নিবৃত্ত করিবে না।”।

৪। সংবিধানের ৮২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৮২ অনুচ্ছেদের “সরকারী অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত রহিয়াছে, এমন কোন অর্থ বিল বা বিল” শব্দগুলি ও কমার পরিবর্তে “কোন অর্থ বিল, অথবা সরকারী অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত রহিয়াছে এমন কোন বিল” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

APPENDIX XVI
THE CONSTITUTION (FOURTEENTH AMENDMENT) ACT, 2004

২০০৪ সনের ১৪ নং আইন

[১৭ মে, ২০০৪]

An Act Further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh.

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :-

1. Short title and commencement .—(1) This Act may be called the Constitution (Fourteenth Amendment) Act, 2004.

(2) This Act shall come into force at once.

2. Insertion of article 4A in the Constitution .—In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, after article 4, the following new article shall be inserted, namely :-

"4A. Portrait .—(1) Portrait of the President shall be preserved and displayed at the offices of the President, Prime Minister and Speaker, and all embassies and missions of Bangladesh abroad.

(2) In addition to clause (1), Portrait, of only the prime Minister, shall be preserved and displayed at the offices of the President and the Speaker, and in head and branch offices of all government and semi-government offices, autonomous bodies, statutory public authorities, government educational institutions, embassies and missions of Bangladesh abroad."

3. Amendment of article 65 of the Constitution .—In the Constitution, in article 65 for clause (3), the following clause (3) shall be substituted, namely :-

"(3) Until the dissolution of Parliament occurring next after the expiration of the period of ten years beginning from the date of the first meeting of the Parliament next after the Parliament in existence at the time of the commencement of the Constitution (Fourteenth Amendment) Act, 2004, there shall be reserved forty five seats exclusively for women members and they will be elected by the aforesaid members in accordance with law on the basis of procedure of proportional representation in the Parliament through single transferable vote :

Provided that nothing in this clause shall be deemed to prevent a woman from being elected to any of the seats provided for in clause (2) of the article."

৫। সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৬ অনুচ্ছেদের (১) দফায় “পঁয়ষাট্টি” শব্দটির পরিবর্তে “সাতষাট্টি” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। সংবিধানের ১২৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৯ অনুচ্ছেদের (১) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(১) এই অনুচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে মহা হিসাব-নিরীক্ষক তাঁহার দায়িত্ব গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসর বা তাঁহার পঁয়ষাট্টি বৎসর বয়স পূর্ণ হওয়া ইহার মধ্যে যাহা অশ্রে ঘটে, সেই কাল পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।”

৭। সংবিধানের ১৩৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৩৯ অনুচ্ছেদের (১) দফায় “ষাট্টি” শব্দটির পরিবর্তে “পঁয়ষাট্টি” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (২) দফায় পর নিম্নরূপ নতুন দফা সন্নিবেশিত হইবে, যথা :-

“(২ক) ১২৩ অনুচ্ছেদের (৩) দফার অধীন অনুষ্ঠিত সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচনের ফলাফল সরকারী গেজেটে প্রজ্ঞাপিত হইবার তারিখ হইতে পরবর্তী তিন দিনের মধ্যে এই সংবিধানের অধীন একদুদ্দেশ্যে নির্দিষ্ট ব্যক্তি বা তদুদ্দেশ্যে অনুরূপ ব্যক্তি কর্তৃক নির্ধারিত অন্য কোন ব্যক্তি যে কোন কারণে নির্বাচিত সদস্যদের শপথ পাঠ পরিচালনা করিতে ব্যর্থ হইলে বা না করিলে, প্রধান নির্বাচন কমিশনার উহার পরবর্তী তিন দিনের মধ্যে উক্ত শপথ পাঠ পরিচালনা করিবেন, যেন এই সংবিধানের অধীন তিনিই ইহার জন্য নির্দিষ্ট ব্যক্তি।”।

৯। সংবিধানের চতুর্থ ভকসিদের সংশোধন।—সংবিধানের চতুর্থ ভকসিদের ২২ অনুচ্ছেদের পর নিম্নরূপ নতুন ২৩ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা :-

“২৩। সংসদে মহিলা-সদস্য সম্পর্কিত আঁহারা বিশেষ বিধান।—(১) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অবশিষ্ট মেয়াদের জন্য পঁয়ষাট্টিটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী সংসদ-সদস্যদের দ্বারা সংসদে আনুশাংকিক প্রতিনিধিত্ব পদ্ধতির জিক্তিতে একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

(২) (১) দফায় উল্লিখিত মেয়াদে, ৬৫ অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিনশত সদস্য এবং এই অনুচ্ছেদে (১) দফায় বর্ণিত পঁয়ষাট্টি মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।”

4. Amendment of article 96 of the Constitution .—In the Constitution, in Clause (1) of article 96, for the word "sixty-Five", the word "sixty-seven" shall be substituted.

5. Amendment of article 129 of the Constitution .—In the Constitution, in article 129, for clause (1), the following clause shall be substituted, namely :

"(1) The Auditor-General shall, subject to the provisions of the article, hold office for five years from the date on which he entered upon his office, or until he attains the age of sixty-five years, whichever is earlier."

6. Amendment of article 139 of the Constitution .—In the Constitution, in clause (1) of article 139, for the word "sixty-two", the word "sixty-five" shall be substituted.

7. Amendment of article 148 of the Constitution .—In the Constitution, in article 148, after clause (2), the following new clause shall be inserted, namely :—

"(2A) If, within three days next after publication through official Gazette of the result of a general election of members of Parliament under clause (3) of article 123, the person specified under the Constitution of the purpose or such other person designated by that person for the purpose, is unable to, or does not, administer oath to the newly elected members of Parliament, on any account, the Chief Election Commissioner shall administer such oath within three doys next thereafter, as if, he is the person specified under the Constitution for the purpose,"

8. Amendment of the Fourth Schedule to the Constitution .—In the Constitution, in the Fourth Schedule, after paragraph 22, the new following paragraph 23 shall be added, namely :—

"(23) **Temporary special provision regarding women members in the Parliament** :—

- (1) For the residual period of the Parliament in existence at the time of the commencement of the Constitution (Fourteenth Amendment) Act, 2004, there shall be reserved forty five seats exclusively for women members and they will be elected by members of the Parliament in accordance with law on the basis of procedure of proportional representation in the Parliament through single transferable vote,
- (2) During the period mentioned in sub-paragraph (1), the Parliament shall consist of the three hundred members mentioned in clause (2) of article 65 and the forty five women members mentioned in sub-paragraph (1) of this paragraph."

পরিশিষ্ট-১৭

২০১১ সনের ১৪ নং আইন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর
সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংবিধান শিরোনামা ও প্রবর্তন।—(১) এই আইন সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংবিধানের প্রারম্ভে, প্রস্তাবনার উপরে সংশোধন।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অভ্যুপরি সংবিধান বলিয়া উল্লিখিত), এর প্রারম্ভে, প্রস্তাবনার উপরে “বিসমিল্লাহির-রহমানির রহিম (দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)” শব্দগুলি, কমা, চিহ্নগুলি ও বন্ধনীর পরিবর্তে নিম্নরূপ শব্দগুলি, চিহ্নগুলি, কমাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে, যথা :-

“বিসমিল্লাহির-রহমানির রহিম
(দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)/
পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে।”।

৩। সংবিধানের প্রস্তাবনার সংশোধন।—সংবিধানের প্রস্তাবনার—

(ক) প্রথম অনুচ্ছেদে “জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের” শব্দগুলির পরিবর্তে “জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ দ্বিতীয় অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“আমরা অস্বীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল— জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ;”।

৪। সংবিধানের ২ক অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ২ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ২ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“২ক। রাষ্ট্রধর্ম।—প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সম্মতবাদ ও সমঅধিকার নিশ্চিত করিবেন।”।

৫। সংবিধানের ৪ক অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৪ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৪ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৪ক। জাতির পিতার প্রতিষ্ঠা।— জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিষ্ঠা রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার ও প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।”।

৬। সংবিধানের ৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৬। নাগরিকত্ব।— (১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।”।

৭। সংবিধানে নূতন ৭ক এবং ৭খ অনুচ্ছেদের সন্নিবেশ।—সংবিধানের ৭ অনুচ্ছেদের পর নিম্নরূপ দুইটি নূতন অনুচ্ছেদ যথাক্রমে ৭ক এবং ৭খ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“৭ক। সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ।—(১) কোন ব্যক্তি শক্তি প্রদর্শন বা শক্তি প্রয়োগের মাধ্যমে বা অন্য কোন অসংবিধানিক পন্থায়—

(ক) এই সংবিধান বা ইহার কোন অনুচ্ছেদ রদ, রহিত বা বাতিল বা স্থগিত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে; কিংবা

(খ) এই সংবিধান বা ইহার কোন বিধানের প্রতি নাগরিকের আস্থা, বিশ্বাস বা প্রত্যয় পরাহত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে—

তাহার এই কার্য রাষ্ট্রদ্রোহিতা হইবে এবং ঐ ব্যক্তি রাষ্ট্রদ্রোহিতার অপরাধে দোষী হইবে।

(২) কোন ব্যক্তি (১) দফায় বর্ণিত—

(ক) কোন কার্য করিতে সহযোগিতা বা উত্থান প্রদান করিলে; কিংবা

(খ) কার্য অনুমোদন, মার্জনা, সমর্থন বা অনুসমর্থন করিলে—

তাহার এইরূপ কার্যও একই অপরাধ হইবে।

(৩) এই অনুচ্ছেদে বর্ণিত অপরাধে দোষী ব্যক্তি প্রচলিত আইনে অন্যান্য অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের মধ্যে সর্বোচ্চ দণ্ডে দণ্ডিত হইবে।

৭খ। সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য।—

সংবিধানের ১৪২ অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগের সকল অনুচ্ছেদ, দ্বিতীয় ভাগের সকল অনুচ্ছেদ, নবম-ক ভাগে বর্ণিত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে তৃতীয় ভাগের সকল অনুচ্ছেদ এবং একাদশ ভাগের ১৫০ অনুচ্ছেদসহ সংবিধানের অন্যান্য মৌলিক কাঠামো সংক্রান্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন, রহিতকরণ কিংবা অন্য কোন পন্থায় সংশোধনের অযোগ্য হইবে।”।

৮। সংবিধানের ৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৮ অনুচ্ছেদের (১) ও (১ক) দফার পরিবর্তে নিম্নরূপ (১) দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা—এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।”।

৯। সংবিধানের ৯ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৯ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৯। জাতীয়তাবাদ।—ভাষাগত ও সংস্কৃতিগত একক সম্ভাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি।”।

১০। সংবিধানের ১০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১০। সমাজতন্ত্র ও শোষণমুক্তি।—মানুষের উপর মানুষের শোষণ হইতে মুক্ত ন্যায়ানুগ ও সাম্যবাদী সমাজলাভ নিশ্চিত করিবার উদ্দেশ্যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইবে।”।

১১। সংবিধানের ১২ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১২। ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।—ধর্ম নিরপেক্ষতা নীতি বাস্তবায়নের জন্য

- (ক) সর্ব প্রকার সাম্প্রদায়িকতা,
- (খ) রাষ্ট্র কর্তৃক কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদা দান,
- (গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মীয় অপব্যবহার,
- (ঘ) কোন বিশেষ ধর্ম পালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাহার উপর নিপীড়ন, বিলোপ করা হইবে।”।

১২। সংবিধানে নূতন ১৮ক অনুচ্ছেদের সন্নিবেশ।—সংবিধানের ১৮ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ১৮ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“১৮ক। পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন।—রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।”।

১৩। সংবিধানের ১৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৯ অনুচ্ছেদের (২) দফার পর নিম্নরূপ নূতন (৩) দফা সংযোজিত হইবে, যথাঃ—

“(৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।”।

১৪। সংবিধানে নূতন ২৩ক অনুচ্ছেদের সন্নিবেশ।—সংবিধানের ২৩ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ২৩ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“২৩ক। উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি।—রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন।”।

১৫। সংবিধানের ২৫ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ২৫ অনুচ্ছেদের—

(ক) (১) দফায় উল্লিখিত “(১)” সংখ্যা ও বন্ধনী বিলুপ্ত হইবে, এবং

(খ) (২) দফা বিলুপ্ত হইবে।

১৬। সংবিধানের ৩৮ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৩৮ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৩৮ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৩৮। সংগঠনের স্বাধীনতা।—জনশৃংখলা ও নৈতিকতার স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধা-নিষেধ সাপেক্ষে সমিতি বা সংঘ গঠন করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির উক্তরূপ সমিতি বা সংঘ গঠন করিবার কিংবা উহার সদস্য হইবার অধিকার থাকিবে না, যদি—

(ক) উহা নাগরিকদের মধ্যে ধর্মীয়, সামাজিক এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করিবার উদ্দেশ্যে গঠিত হয় ;

(খ) উহা ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ, জন্মস্থান বা ভাষার ক্ষেত্রে নাগরিকদের মধ্যে বৈষম্য সৃষ্টি করিবার উদ্দেশ্যে গঠিত হয় ;

(গ) উহা রাষ্ট্র বা নাগরিকদের বিরুদ্ধে কিংবা অন্য কোন দেশের বিরুদ্ধে সন্ত্রাসী বা জঙ্গী কার্য পরিচালনার উদ্দেশ্যে গঠিত হয় ; বা

(ঘ) উহার গঠন ও উদ্দেশ্য এই সংবিধানের পরিপন্থী হয়।”।

১৭। সংবিধানের ৪২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৪২ অনুচ্ছেদের (২) এবং (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (২) দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত আইনে ক্ষতিপূরণসহ বাধ্যতামূলকভাবে গ্রহণ, রট্রায়স্করণ বা দখলের বিধান করা হইবে এবং ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ কিংবা ক্ষতিপূরণ নির্ণয় ও প্রদানের নীতি ও পদ্ধতি নির্দিষ্ট করা হইবে ; তবে অনুরূপ কোন আইনে ক্ষতিপূরণের বিধান অপর্യാপ্ত হইয়াছে বলিয়া সেই আইন সম্পর্কে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।”।

১৮। সংবিধানের ৪৪ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৪৪ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৪৪ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৪৪। মৌলিক অধিকার বলবৎকরণ।—(১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।

(২) এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটাইয়া সংসদ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাহার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা উহার যে কোন ক্ষমতা দান করিতে পারিবেন।”।

১৯। সংবিধানের ৪৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৪৭ অনুচ্ছেদের—

(ক) (২) দফার শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“তবে শর্ত থাকে যে, এই অনুচ্ছেদের কোন কিছুই অনুরূপ কোন আইনকে সংশোধন, পরিবর্তন বা বাতিল করা হইতে নিবৃত্ত করিবে না।” ; এবং

(খ) (৩) দফায় “সহায়ক বাহিনীর সদস্য” শব্দগুলির পর “বা অন্য কোন ব্যক্তি, ব্যক্তি সমষ্টি বা সংগঠন” শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

২০। সংবিধানের ৫৮ক অনুচ্ছেদের বিলোপ।—সংবিধানের ৫৮ক অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

২১। সংবিধানের ২ক পরিচ্ছেদে-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলোপ।—সংবিধানের “২ক পরিচ্ছেদ-নির্দলীয় তত্ত্বাবধায় সরকার” বিলুপ্ত হইবে।

২২। সংবিধানের ৬১ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৬১ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৬১ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৬১। সর্বাধিনায়কতা।—বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত হইবে এবং আইনের দ্বারা তাহার প্রয়োগ নিয়ন্ত্রিত হইবে।”।

২৩। সফবিধানের ৬৫ অনুচ্ছেদের সংশোধন।—সফবিধানের ৬৫ অনুচ্ছেদের—

(ক) (৩) দফার “পর্যায়তাল্লিখাটি আসন” শব্দগুলির পরিবর্তে “পঞ্চাশটি আসন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) (৩) দফার পর নিম্নরূপ (৩ক) দফা সন্নিবেশিত হইবে, যথা :-

“(৩ক) সফবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অবশিষ্ট মেয়াদে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিন শত সদস্য এবং (৩) দফায় বর্ণিত পঞ্চাশ মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।”।

২৪। সফবিধানের ৬৬ অনুচ্ছেদের সংশোধন।—সফবিধানের ৬৬ অনুচ্ছেদের—

(ক) (২) দফার (ঘঘ) উপ-দফা বিলুপ্ত হইবে ;

(খ) বিলুপ্ত (ঘঘ) উপ-দফার পর নিম্নরূপ নূতন (ঙ) ও (চ) উপ-দফা সন্নিবেশিত হইবে, যথা :-

“(ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন যে কোন অপরাধের জন্য দণ্ডিত হইয়া থাকেন ;

(চ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন ; অথবা” ;

(গ) (২ক) দফার পরিবর্তে নিম্নরূপ (২ক) দফা প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(২ক) এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জনসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি—

(ক) ঐত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে ; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে—

এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।” ; এবং

(ঘ) (২ক) দফার পর নিম্নরূপ নূতন (৩) দফা সন্নিবেশিত হইবে, যথা :-

“(৩) এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার, ডেপুটি স্পীকার, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।”।

২৫। সংবিধানের ৭০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৭০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৭০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৭০। রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া।— কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি—

(ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা

(খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন,

তাহা হইলে সংসদে তাহার আসন শূন্য হইবে, তবে তিনি সেই কারণে পরবর্তী কোন নির্বাচনে সংসদ-সদস্য হইবার অযোগ্য হইবেন না।”

২৬। সংবিধানের ৭২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৭২ অনুচ্ছেদের দফা (১) এর প্রথম শর্তাংশে উল্লিখিত “তবে শর্ত থাকে যে,” শব্দগুলি ও কমার পর “১২৩ অনুচ্ছেদের (৩) দফার (ক) উপ-দফায় উল্লিখিত নব্বই দিন সময় ব্যতীত অন্য সময়ে” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে।

২৭। সংবিধানের ৮০ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৮০ অনুচ্ছেদের—

(ক) (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(৩) রাষ্ট্রপতির নিকট কোন বিল পেশ করিবার পর পনের দিনের মধ্যে তিনি তাহাতে সম্মতিদান করিবেন কিংবা অর্থবিল ব্যতীত অন্য কোন বিলের ক্ষেত্রে বিলটি বা তাহার কোন বিশেষ বিধান পুনর্বিবেচনার কিংবা রাষ্ট্রপতি কর্তৃক নির্দেশিত কোন সংশোধনী বিবেচনার অনুরোধ জ্ঞাপন করিয়া একটি বার্তাসহ তিনি বিলটি সংসদে ফেরত দিতে পারিবেন; এবং রাষ্ট্রপতি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।”; এবং

(খ) (৪) দফায় উল্লিখিত “মোট সংসদ-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা” শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৮। সংবিধানের ৮২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৮২ অনুচ্ছেদের শর্তাংশে “তবে শর্ত থাকে যে,” শব্দগুলি ও কমার পর “কোন অর্থ বিলে” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

২৯। সংবিধানের ৯৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৩ অনুচ্ছেদের (১) দফায় “সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত” শব্দগুলির পরিবর্তে “সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩০। সংবিধানের ৯৫ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৯৫ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৫ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“৯৫। বিচারক-নিয়োগ।—(১) প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করিবেন।

(২) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক না হইলে, এবং

(ক) সুপ্রীম কোর্টে অন্যান্য দশ বৎসরকাল এ্যাডভোকেট না থাকিয়া থাকিলে; অথবা

(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যান্য দশ বৎসর কোন বিচার বিভাগীয় পদে অধিষ্ঠান না করিয়া থাকিলে; অথবা

(গ) সুপ্রীমকোর্টের বিচারকপদে নিয়োগলাভের জন্য আইনে দ্বারা নির্ধারিত যোগ্যতা না থাকিয়া থাকিলে;

তিনি বিচারকপদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(৩) এই অনুচ্ছেদে “সুপ্রীম কোর্ট” বলিতে এই সংবিধান প্রবর্তনের পূর্বে যে কোন সময়ে বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে যে আদালত হাইকোর্ট হিসাবে এখতিয়ার প্রয়োগ করিয়াছে, সেই আদালত অন্তর্ভুক্ত হইবে।”।

৩১। সংবিধানের ৯৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৯৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“৯৬। বিচারকদের পদের মেয়াদ।—(১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন বিচারক সাতষষ্টি বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত বীয়া পদে বহাল থাকিবেন।

(২) এই অনুচ্ছেদের নিম্নরূপ বিধানাবলী অনুযায়ী ব্যতীত কোন বিচারককে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইবে না।

(৩) একটি সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল থাকিবে যাহা এই অনুচ্ছেদে “কাউন্সিল” বলিয়া উল্লিখিত হইবে এবং বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকের মধ্যে পরবর্তী যে দুইজন কর্মে প্রবীণ তাঁহাদের লইয়া গঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, কাউন্সিল যদি কোন সময়ে কাউন্সিলের সদস্য এইরূপ কোন বিচারকের সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করেন, অথবা কাউন্সিলের কোন সদস্য যদি অনুপস্থিত থাকেন অথবা অসুস্থতা কিংবা অন্য কোন কারণে কার্য করিতে অসমর্থ্য হন তাহা হইলে কাউন্সিলের বাহারা সদস্য আছেন তাঁহাদের পরবর্তী যে বিচারক কর্মে প্রবীণ তিনিই অনুরূপ সদস্য হিসাবে কার্য করিবেন।

(৪) কাউন্সিলের দায়িত্ব হইবে—

(ক) বিচারকগণের জন্য পালনীয় আচরণ বিধি নির্ধারণ করা ; এবং

(খ) কোন বিচারকের অথবা কোন বিচারক যেকোন পদ্ধতিতে অপসারিত হইতে পারেন সেইরূপ পদ্ধতি ব্যতীত তাহার পদ হইতে অপসারণযোগ্য নহেন এইরূপ অন্য কোন পদে আসীন ব্যক্তির সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করা।

(৫) যে ক্ষেত্রে কাউন্সিল অথবা অন্য কোন সূত্র হইতে প্রাপ্ত তথ্যে রাষ্ট্রপতির এইরূপ বৃষ্টিবার কারণ থাকে যে কোন বিচারক—

(ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে তাহার পদের দায়িত্ব সঠিকভাবে পালন করিতে অযোগ্য হইয়া পড়িতে পারেন, অথবা

(খ) গুরুতর অসদাচরণের জন্য দোষী হইতে পারেন, সেইক্ষেত্রে রাষ্ট্রপতি কাউন্সিলকে বিষয়টি সম্পর্কে তদন্ত করিতে ও উহার তদন্ত ফল জ্ঞাপন করিবার জন্য নির্দেশ দিতে পারেন।

(৬) কাউন্সিল তদন্ত করিবার পর রাষ্ট্রপতির নিকট যদি এইরূপ রিপোর্ট করেন যে, উহার মতে উক্ত বিচারক তাহার পদের দায়িত্ব সঠিকভাবে পালনে অযোগ্য হইয়া পড়িয়াছেন অথবা গুরুতর অসদাচরণের জন্য দোষী হইয়াছেন তাহা হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা উক্ত বিচারককে তাহার পদ হইতে অপসারিত করিবেন।

(৭) এই অনুচ্ছেদের অধীনে তদন্তের উদ্দেশ্যে কাউন্সিল স্বীয় কার্য-পদ্ধতি নিয়ন্ত্রণ করিবেন এবং পরওয়ানা জারী ও নির্বাহের ব্যাপারে সুপ্রীম কোর্টের ন্যায় উহার একই ক্ষমতা থাকিবে।

(৮) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।”।

৩২। সংবিধানের ৯৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৮ অনুচ্ছেদের “একজন এ্যাডভকট বিচারক হিসাবে যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগের আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন এবং অনুরূপ বিচারক এইরূপ আসন গ্রহণকালে আপীল বিভাগের একজন বিচারকের ন্যায় একই এখতিয়ার ও ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন” শব্দগুলির পরিবর্তে “যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগের আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩৩। সংবিধানের ৯৯ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৯৯ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৯ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৯৯। অবসর গ্রহণের পর বিচারকগণের অক্ষমতা।—(১) কোন ব্যক্তি (এই সংবিধানের ৯৮ অনুচ্ছেদের বিধানাবলী-অনুসারে অতিরিক্ত বিচারকরূপে দায়িত্ব পালন ব্যতীত) বিচারকরূপে দায়িত্ব পালন করিয়া থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের বা অপসারিত হইবার পর তিনি কোন আদালত বা কোন কর্তৃপক্ষের নিকট ওকালতি বা কার্য করিবেন না এবং বিচার বিভাগীয় বা আধা-বিচার বিভাগীয় পদ ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(২) (১) দফায় যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি হাইকোর্ট বিভাগের বিচারক পদে বহাল থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের পর তিনি আপীল বিভাগে ওকালতি বা কার্য করিতে পারিবেন।”।

৩৪। সংবিধানের ১০০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১০০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১০০। সুপ্রীম কোর্টের আসন।—রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকিবে, তবে রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা স্থানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত হইতে পারিবে।”।

৩৫। সর্বাধিকার ১০১ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সর্বাধিকার ১০১ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০১ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“১০১। হাইকোর্ট বিভাগের এখতিয়ার।—এই সর্বাধিকার বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর যেসকল আদি, আপীল ও অন্য প্রকার এখতিয়ার ও ক্ষমতা অর্পিত হইয়াছে, উক্ত বিভাগের সেইরূপ এখতিয়ার ও ক্ষমতা থাকিবে।”।

৩৬। সর্বাধিকার ১০২ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সর্বাধিকার ১০২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“১০২। কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা।—(১) কোন সংস্কৃত ব্যক্তির আবেদনক্রমে এই সর্বাধিকারের তৃতীয় ভাগের দ্বারা অর্পিত অধিকারসমূহের যে কোন একটি বলবৎ করিবার জন্য প্রজাতন্ত্রের বিষয়াবলীর সহিত সম্পর্কিত কোন দায়িত্ব পালনকারী ব্যক্তিসহ যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে হাইকোর্ট বিভাগ উপযুক্ত নির্দেশাবলী বা আদেশাবলী দান করিতে পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোন সমক্ষপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে

(ক) যে কোন সংস্কৃত ব্যক্তির আবেদনক্রমে—

(অ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তিকে আইনের দ্বারা অনুমোদিত নয়, এমন কোন কার্য করা হইতে বিরত রাখিবার জন্য কিংবা আইনের দ্বারা তাহার করণীয় কার্য করিবার জন্য নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তির কৃত কোন কার্য বা গৃহীত কোন কার্যধারা আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার কোন আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন ; অথবা

(খ) যে কোন ব্যক্তির আবেদনক্রমে—

(অ) আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে বা বেআইনী উপায়ে কোন ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে, সেইজন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্মুখে আনয়নের নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) কোন সরকারি পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত কোন ব্যক্তিকে তিনি কোন কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবী করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন।

(৩) উপরি-উক্ত দফাসমূহে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন আইনের ক্ষেত্রে বর্তমান অনুচ্ছেদের অধীন অন্তর্বর্তীকালীন বা অন্য কোন আদেশ দানের ক্ষমতা হাইকোর্ট বিভাগের থাকিবে না।

(৪) এই অনুচ্ছেদের (১) দফা কিংবা এই অনুচ্ছেদের (২) দফার (ক) উপ-দফার অধীন কোন আবেদনক্রমে যে ক্ষেত্রে অন্তর্বর্তী আদেশ প্রার্থনা করা হইয়াছে এবং অনুরূপ অন্তর্বর্তী আদেশ

(ক) যেখানে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য কোন ব্যবস্থার কিংবা কোন উন্নয়নমূলক কার্যের প্রতিকূলতা বা বাধা সৃষ্টি করিতে পারে ; অথবা

(খ) যেখানে অন্য কোনভাবে জনস্বার্থের পক্ষে ক্ষতিকর হইতে পারে

সেইখানে অ্যাটর্নি-জেনারেলকে উক্ত আবেদন সম্পর্কে যুক্তিসঙ্গত নোটিশদান এবং অ্যাটর্নি-জেনারেলের (কিংবা এই বিষয়ে তাহার দ্বারা ভারপ্রাপ্ত অন্য কোন এ্যাডভোকেটের) বক্তব্য শ্রবণ না করা পর্যন্ত এবং এই দফার (ক) বা (খ) উপ-দফায় উল্লিখিত প্রতিক্রিয়া সৃষ্টি করিবে না বলিয়া হাইকোর্ট বিভাগের নিকট সম্ভাষণকভাবে প্রতীয়মান না হওয়া পর্যন্ত উক্ত বিভাগ কোন অন্তর্বর্তী আদেশদান করিবেন না।

(৫) প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই অনুচ্ছেদে “ব্যক্তি” বলিতে সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ ও বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ অথবা কোন শৃংখলা-বাহিনী সংক্রান্ত আইনের অধীন প্রতিষ্ঠিত কোন আদালত বা ট্রাইব্যুনাল ব্যতীত কিংবা এই সংবিধানের ১১৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন ট্রাইব্যুনাল ব্যতীত যে কোন আদালত বা ট্রাইব্যুনাল অন্তর্ভুক্ত হইবে।”।

৩৭। সংবিধানের ১০৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১০৩ অনুচ্ছেদের (২) দফার (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(খ) কোন মৃত্যুদণ্ড বহাল করিয়াছে কিংবা কোন ব্যক্তিকে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন ; অথবা”।

৩৮। সংবিধানের ১০৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১০৭ অনুচ্ছেদের (২) এবং (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (২) এবং (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(২) সূপ্রীম কোর্ট এই অনুচ্ছেদের (১) দফা এবং এই সংবিধানের ১১৩ ও ১১৬ অনুচ্ছেদের অধীন দায়িত্বসমূহের ভার উক্ত আদালতের কোন একটি বিভাগকে কিংবা এক বা একাধিক বিচারককে অর্পণ করিতে পারিবেন।

(৩) এই অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিসমূহ-সাপেক্ষে কোন্ কোন্ বিচারককে লইয়া কোন বিভাগের কোন বেঞ্চ গঠিত হইবে এবং কোন্ কোন্ বিচারক কোন্ উদ্দেশ্যে আসন গ্রহণ করিবেন, তাহা প্রধান বিচারপতি নির্ধারণ করিবেন।”।

৩৯। সংবিধানের ১১৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১১৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১১৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১১৬। অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃংখলা।—বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচারবিভাগীয় দায়িত্বপালনে রত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃংখলাবিধান রট্রপতির উপর ন্যস্ত থাকিবে এবং সূপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে রট্রপতি কর্তৃক তাহা প্রযুক্ত হইবে।”।

৪০। সংবিধানের ১১৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১১৭ অনুচ্ছেদের দফা (১) এর উপ-দফা (গ) এ উল্লিখিত “(৩)” সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে “(৩)” সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪১। সংবিধানের ষষ্ঠ-ক ভাগের বিলোপ।—সংবিধানের ষষ্ঠ-ক ভাগ বিলুপ্ত হইবে।

৪২। সংবিধানের ১১৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১১৮ অনুচ্ছেদের (১) দফায় “প্রধান নির্বাচন কমিশনারকে লইয়া এবং রাষ্ট্রপতি সময়ে সময়ে যেরূপ নির্দেশ করিবেন, সেইরূপ সংখ্যক অন্যান্য নির্বাচন কমিশনারকে লইয়া” শব্দগুলি ও কুমার পরিবর্তে “প্রধান নির্বাচন কমিশনার এবং অনধিক চার জন নির্বাচন কমিশনারকে লইয়া” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪৩। সংবিধানের ১২২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২২ অনুচ্ছেদের (২) দফার (গ) ও (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (গ), (ঘ) ও (ঙ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

- “(গ) কোন যোগ্য আদালত কর্তৃক তাঁহার সম্পর্কে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা বহাল না থাকিয়া থাকে ;
- (ঘ) তিনি ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বা আইনের দ্বারা ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বিবেচিত হন ; এবং
- (ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন কোন অপরাধের জন্য দণ্ডিত না হইয়া থাকেন।”।

৪৪। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে

- (ক) মেয়াদ-অবসানের কারণে সংসদ ভাংগিয়া যাইবার ক্ষেত্রে ভাংগিয়া যাইবার পূর্ববর্তী নব্বই দিনের মধ্যে ; এবং
- (খ) মেয়াদ-অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাংগিয়া যাইবার ক্ষেত্রে ভাংগিয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে ;

তবে শর্ত থাকে যে, এই দফার (ক) উপ-দফা অনুযায়ী অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে নির্বাচিত ব্যক্তিগণ, উক্ত উপ-দফায় উল্লিখিত মেয়াদ সমাপ্ত না হওয়া পর্যন্ত, সংসদ সদস্যরূপে কার্যভার গ্রহণ করিবেন না।”।

৪৫। সংবিধানের ১২৫ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের অনুচ্ছেদ ১২৫ এর দফা (খ) এর পর নিম্নরূপ নতুন দফা (গ) সংযোজিত হইবে, যথা :

“(গ) কোন আদালত, নির্বাচনের তফসিল ঘোষণা করা হইয়াছে এইরূপ কোন নির্বাচনের বিষয়ে, নির্বাচন কমিশনকে যুক্তিসংগত নোটিশ ও তনানির সুযোগ প্রদান না করিয়া, অন্তর্বর্তী বা অন্য কোনরূপে কোন আদেশ বা নির্দেশ প্রদান করিবেন না।”।

৪৬। সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের—

- (ক) (১) দফায় “তাহা হইলে তিনি” শব্দগুলির পর “অনধিক একশত কুড়ি দিনের জন্য” শব্দগুলি সন্নিবেশিত হইবে ;
- (খ) (২) দফার (গ) উপ-দফায় “অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাব-দ্বারা অনুমোদিত না হইলে উক্ত” শব্দগুলি বিলুপ্ত হইবে ; এবং
- (গ) (২) দফার শর্তাংশে “উক্ত ত্রিশ দিনের অবসানে” শব্দগুলির পর “অথবা একশত কুড়ি দিন সময়ের অবসানে, যাহা আগে ঘটে,” শব্দগুলি এবং কমাগুলি সন্নিবেশিত হইবে।

৪৭। সংবিধানের ১৪২ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১৪২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৪২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১৪২। সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা।—এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও—

- (ক) সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হইতে পারিবে ;

তবে শর্ত থাকে যে,

- (অ) অনুরূপ সংশোধনীর জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরনামায় এই সংবিধানের কোন বিধান সংশোধন করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না ;
- (আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যান্য দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোন বিলে সম্মতিদানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না ;
- (খ) উপরি-উক্ত উপায়ে কোন বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন, এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছে বলিয়া গণ্য হইবে।”।

৪৮। সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৪৫ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১৪৫ক। আন্তর্জাতিক চুক্তি।—বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন ;

তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।”।

৪৯। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফার—

(ক) (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(খ) প্রধানমন্ত্রী ; এবং

(খ) (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (ঘ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(ঘ) মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী ;”।

৫০। সংবিধানের ১৫০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১৫০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৫০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১৫০। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী।—(১) এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তনকালে সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত বিধানাবলী ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী হিসাবে কার্যকর থাকিবে।

(২) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখ হইতে ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তন হইবার অব্যবহিত পূর্ব পর্যন্ত সময়কালের মধ্যে সংবিধানের পঞ্চম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে দেওয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ, ষষ্ঠ তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার টেলিগ্রাম এবং সপ্তম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র হইল বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের ঐতিহাসিক ভাষণ ও দলিল, যাহা উক্ত সময়কালের জন্য ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী বলিয়া গণ্য হইবে।”।

৫১। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফার—

(ক) “উপদেষ্টা” অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে ;

(খ) “আইন” অভিব্যক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথাঃ—

“আদালত” অর্থ সুপ্রীমকোর্টসহ যে কোন আদালত ; ; এবং

(গ) “প্রধান উপদেষ্টা” অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে।

৫২। সংবিধানের প্রথম তফসিলের সংশোধন।—সংবিধানের প্রথম তফসিলের “১৯৭২ সালের বাংলাদেশ (শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ) আদেশ (অস্থায়ী রাষ্ট্রপতির ১৯৭২ সালের আদেশ নং ১)।” শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনী এবং দাঁড়ির পর “১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি. ও নং ৮)।” শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনী এবং দাঁড়ি সন্নিবেশিত হইবে।

৫৩। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।—সংবিধানের তৃতীয় তফসিলের—

- (ক) ফরম ১ এর “প্রধান বিচারপতি” শব্দগুলির পরিবর্তে “স্পীকার” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
- (খ) ফরম ১ক বিলুপ্ত হইবে;
- (গ) ফরম ২ এর “প্রধানমন্ত্রী” শব্দটির পরিবর্তে “প্রধানমন্ত্রী” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং
- (ঘ) ফরম ২ক বিলুপ্ত হইবে।

৫৪। সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।—সংবিধানের চতুর্থ তফসিলের—

- (ক) “১৫০ অনুচ্ছেদে” সংখ্যা ও শব্দের পরিবর্তে “১৫০(১) অনুচ্ছেদ” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদের ১২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১২ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—
 “১২। স্থানীয় শাসন।—এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদে উল্লিখিত স্থানীয় শাসনসংক্রান্ত প্রতিষ্ঠানসমূহ গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত এই সংবিধান প্রবর্তনের অব্যবহিত পূর্বে প্রজাতন্ত্রের বিভিন্ন প্রশাসনিক এককংশে প্রচলিত প্রশাসনিক ব্যবস্থা আইনের দ্বারা প্রণীত পরিবর্তন-সাপেক্ষে অব্যাহত থাকিবে।”; এবং”।
- (গ) অনুচ্ছেদ ৩ক, ১৮, ১৯, ২০, ২১, ২২ এবং ২৩ বিলুপ্ত হইবে।

৫৫। সংবিধানের কতিপয় তফসিলের সংযোজন।—সংবিধানের চতুর্থ তফসিলের পর নিম্নরূপ তিনটি নূতন তফসিল যথাক্রমে, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম সংযোজিত হইবে, যথাঃ—

“পঞ্চম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ

ভাইয়েরা আমার,

আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলায় মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়। কি অন্যায় করেছিলাম? নির্বাচনের পর বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামী লীগকে ভোট দেন। আমাদের ন্যাশনাল অ্যাসেম্বলি বসবে, আমরা সেখানে শাসনভঙ্গ তৈরি করবো এবং এদেশকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি, রাজনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবে। কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সাথে বলতে হয় ২৩ বছরের করুণ ইতিহাস বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বছরের ইতিহাস মুমূর্ষু নর-নারীর আর্তনাদের ইতিহাস। বাংলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

১৯৫২ সালে রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিত্তে বসতে পারিনি। ১৯৫৮ সালে আইয়ুব খান 'মার্শাল ল' জারী করে ১০ বছর পর্যন্ত আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে ৭ জুনে আমার ছেলের গুলি করে হত্যা করা হয়েছে। ১৯৬৯ সালের আন্দোলনে আইয়ুব খানের পতন হওয়ার পরে যখন ইয়াহিয়া খান সাহেব সরকার নিলেন, তিনি বললেন দেশে শাসনতন্ত্র দেবেন-গণতন্ত্র দেবেন, আমরা মেনে নিলাম। তারপর অনেক ইতিহাস হয়ে গেল, নির্বাচন হলো। আমি প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সাহেবের সাথে দেখা করেছি।

আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসেবে তাকে অনুরোধ করলাম, ১৫ ফেব্রুয়ারি তারিখে আপনি জাতীয় পরিষদের অধিবেশন দেন। তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ডুট্টো সাহেবের কথা। তিনি বললেন, প্রথম সত্তাহে মার্চ মাসে হবে। আমি বললাম, ঠিক আছে আমরা অ্যাসেম্বলিতে বসবো। আমি বললাম অ্যাসেম্বলির মধ্যে আলোচনা করবো-এমনকি আমি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশি হলেও একজন যদিও সে হয় তার ন্যায্য কথা আমরা মেনে নেব।

ডুট্টো সাহেব এখানে এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন যে, আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সঙ্গে আমরা আলোচনা করলাম-আপনারা আসুন, বসুন, আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরী করবো। তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেঘাররা যদি এখানে আসে তাহলে কসাইখানা হবে অ্যাসেম্বলি। তিনি বললেন, যে যাবে তাকে মেরে ফেলা হবে, যদি কেউ অ্যাসেম্বলিতে আসে তাহলে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত দোকান জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, অ্যাসেম্বলি চলবে। তারপর হঠাৎ ১ তারিখে অ্যাসেম্বলি বন্ধ করে দেয়া হলো।

ইয়াহিয়া খান প্রেসিডেন্ট হিসেবে অ্যাসেম্বলি ডেকেছিলেন। আমি বললাম, আমি যাবো। ডুট্টো বললেন, তিনি যাবেন না। ৩৫ জন সদস্য পশ্চিম থেকে এখানে আসলেন। তারপর হঠাৎ বন্ধ করে দেওয়া হলো, দোষ দেওয়া হলো বাংলার মানুষকে, দোষ দেওয়া হলো আমাকে। বন্ধ করার পর এদেশের মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠল।

আমি বললাম, শান্তিপূর্ণভাবে আপনারা হরতাল পালন করুন। আমি বললাম, আপনারা কলকারখানা সবকিছু বন্ধ করে দেন। জনগণ সাড়া দিল। আপনার ইচ্ছায় জনগণ রাস্তায় বেরিয়ে পড়লো, তারা শান্তি-পূর্ণভাবে সত্য়াম চালিয়ে যাবার জন্য স্থির প্রতিজ্ঞাবদ্ধ হলো। কি পেলাম আমরা? আমরা পয়সা দিয়ে অস্ত্র কিনেছি বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য, অস্ত্র সেই অস্ত্র ব্যবহার হচ্ছে আমার দেশের গরিব-দুঃস্থী নিরস্ত্র মানুষের বিরুদ্ধে-তার বুকের উপর হচ্ছে গুলি। আমরা পাকিস্তানে সংখ্যাগুরু-আমরা বাঙালিরা যখনই ক্ষমতায় যাবার চেষ্টা করেছি তখনই তারা আমাদের উপর ঝাণিয়ে পড়েছে।

টেলিফোনে আমার সাথে তার কথা হয়। তাকে আমি বলেছিলাম, জেনারেল ইয়াহিয়া খান সাহেব, আপনি পাকিস্তানের প্রেসিডেন্ট, দেখে যান কীভাবে আমার গরিবের উপর, আশ্রয় মানুষের বুকের উপর গুলি করা হয়েছে। কী করে আমার মায়ের কোল খালি করা হয়েছে, কী করে মানুষকে হত্যা করা হয়েছে; আপনি আসুন, দেখুন, বিচার করুন। তিনি বললেন, আমি নাকি স্বীকার করেছি ১০ তারিখে রাউন্ড টেবিল কনফারেন্স হবে।

আমি তো অনেক আগেই বলে দিয়েছি কীসের রাউন্ড টেবিল, কার সাথে বসবো? যারা আমার মানুষের বুকের রক্ত নিয়েছে, তাদের সাথে বসবো? হঠাৎ আমার সাথে পরামর্শ না করে পাঁচ ঘন্টার গোপন বৈঠক করে যে বক্তৃতা তিনি করেছেন তাতে সমস্ত দোষ তিনি আমার উপর দিয়েছেন; বাংলার মানুষের উপর দিয়েছেন।

ভাইয়েরা আমার,

২৫ তারিখে অ্যাসেম্বলি কল করেছে। রক্তের দাগ শুকায় নাই। আমি ১০ তারিখে সিদ্ধান্ত নিয়েছি ঐ শহীদের রক্তের উপর পাড়া দিয়ে আরটিসিতে মুজিবুর রহমান যোগদান করতে পারে না। অ্যাসেম্বলি কল করেছেন, আমার দাবি মানতে হবে। প্রথমে সামরিক আইন 'মার্শাল ল' withdraw করতে হবে। সমস্ত সামরিক বাহিনীর লোকদের ব্যারাকে ফেরত যেতে হবে। যেভাবে হত্যা করা হয়েছে তার তদন্ত করতে হবে। আর জনগণের প্রতিনিধির হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে। তারপর বিবেচনা করে দেখবো, আমরা অ্যাসেম্বলিতে বসতে পারবো কি পারবো না। এর পূর্বে অ্যাসেম্বলিতে বসতে আমরা পারি না।

আমি প্রধানমন্ত্রিত্ব চাই না। আমরা এদেশের মানুষের অধিকার চাই। আমি পরিষ্কার অক্ষরে বলে দেবার চাই যে, আজ থেকে এই বাংলাদেশে কোর্ট-কাছারি, আদালত-ফৌজদারী, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। গরিবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেজন্য সমস্ত অন্যান্য যে জিনিসগুলো আছে, সেগুলোর হরতাল কাল থেকে চলবে না। রিক্সা, গরুর গাড়ি, রেল চলবে, শঙ্ক চলবে-ওধু সেক্রেটারীয়েট, সুপ্রীমকোর্ট, হাইকোর্ট, জজকোর্ট, সেমি-গভর্নমেন্ট দপ্তর, ওয়াপদা, কোনোকিছু চলবে না। ২৮ তারিখে কর্মচারীরা গিয়ে বেতন নিয়ে আসবেন। এরপর যদি বেতন দেয়া না হয়, আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোককে হত্যা করা হয়-তোমাদের কাছে অনুরোধ রইল, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে এবং জীবনের তরে রক্তাঘাট যা যা আছে সবকিছু-আমি যদি হুকুম দিবার নাও পারি, তোমরা বন্ধ করে দেবে। আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো। তোমরা আমার ভাই, তোমরা ব্যারাকে থাকো, কেউ তোমাদের কিছু বলবে না। কিন্তু আর আমার বুকের উপর গুলি চালাবার চেষ্টা করো না। ৭ কোটি মানুষকে দাবাবে রাখতে পারবা না। আমরা যখন মরণতে শিবেছি তখন কেউ আমাদের দাবাতে পারবে না।

আর যে সমস্ত লোক শহীদ হয়েছে, আঘাতপ্রাপ্ত হয়েছে, আমরা আওয়ামী লীগের থেকে যত্ন পানি তাদের সাহায্য করতে চেষ্টা করবো। যারা পাবেন আমার রিলিফ কমিটিকে সামান্য টাকা-পয়সা পৌছে দিবেন। আর এই ৭ দিনের হরতালের যে সমস্ত শ্রমিক ভাইয়েরা যোগদান করেছে, প্রত্যেক শিল্পের মালিক তাদের বেতন পৌছে দিবেন। সরকারি কর্মচারীদের বন্দি, আমি যা বলি তা মানতে হবে। যে পর্যন্ত আমার এই দেশের মুক্তি না হচ্ছে, ভতর্দিন খাজনা ট্যাগ বন্ধ করে দেওয়া হলো-কেউ দেবে না। তনুন, মনে রাখবেন, শত্রুবাহিনী চুকেছে নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এই বাংলায়-হিন্দু-মুসলমান, বাঙালি, অ-বাঙালি যারা আছে তারা আমাদের ভাই, তাদের রক্ষার দায়িত্ব আপনাদের উপর, আমাদের যেন বদনাম না হয়।

মনে রাখবেন, রেডিও-টেলিভিশনের কর্মচারীরা যদি রেডিওতে আমাদের কথা না শোনে তাহলে কোন বাঙালী রেডিও স্টেশনে যাবেন না। যদি টেলিভিশনে আমাদের নিউজ না দেয়, কোন বাঙালি টেলিভিশনে যাবেন না। ২ ঘণ্টা ব্যাংক খোলা থাকবে, যাতে মানুষ তাদের মাইনেপত্র নিতে পারে। পূর্ববাংলা থেকে পশ্চিম পাকিস্তানে এক পরস্যাও চালান হতে পারবে না। টেলিফোন, টেলিগ্রাম আমাদের এই পূর্ব বাংলায় চলবে এবং বিদেশের সাথে দেয়ানেরা চলবে না।

কিন্তু যদি এই দেশের মানুষকে ঋতম করার চেষ্টা করা হয়, বাঙালিরা বুকেসুখে কাজ করবেন। প্রত্যেক গ্রাম, প্রত্যেক মহল্লার আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোল এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।

১৫২

ষষ্ঠ ভূফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

কর্তৃক প্রদত্ত

বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা

১৯৭১ সালের ২৫ মার্চ মধ্য রাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা (অনূদিত)

“ইহাই হয়ত আমার শেষ বার্তা, আজ হইতে বাংলাদেশ স্বাধীন। আমি বাংলাদেশের জনগণকে আহ্বান জানাইতেছি যে, যে যেখানে আছে, যাহার যাহা কিছু আছে, তাই নিয়ে রুখে দাঁড়াও, সর্বশক্তি দিয়ে হানাদার বাহিনীকে প্রতিরোধ করো। পাকিস্তানী দখলদার বাহিনীর শেষ সৈন্যটিকে বাংলার মাটি হইতে বিতাড়িত না করা পর্যন্ত এবং চূড়ান্ত বিজয় অর্জন না করা পর্যন্ত লড়াই চালিয়ে যাও।

শেখ মুজিবুর রহমান

২৬ মার্চ ১৯৭১”

সপ্তম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

যেহেতু একটি সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রতিনিধি নির্বাচনের জন্য ১৯৭০ সনের ৭ই ডিসেম্বর হইতে ১৯৭১ সনের ১৭ই জানুয়ারি পর্যন্ত বাংলাদেশে অবাধ নির্বাচন অনুষ্ঠিত হয়,

এবং

যেহেতু এই নির্বাচনে বাংলাদেশের জনগণ ৯৬৯ জন প্রতিনিধির মধ্যে আওয়ামী লীগ দলীয় ১৬৭ জনকে নির্বাচিত করেন,

এবং

যেহেতু সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়া খান জনগণের নির্বাচিত প্রতিনিধিগণকে ১৯৭১ সনের ৩রা মার্চ তারিখে মিলিত হইবার জন্য আহ্বান করেন,

এবং

যেহেতু এই আহ্বত পরিষদ-সভা বোচাচারী ও বেআইনীভাবে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়,

এবং

যেহেতু পাকিস্তানী কর্তৃপক্ষ তাহাদের প্রতিশ্রুতি রক্ষার পরিবর্তে এবং বাংলাদেশের প্রতিনিধিগণের সহিত আলোচনা অব্যাহত থাকা অবস্থায় একটি অন্যায্য ও বিশ্বাসঘাতকতামূলক যুদ্ধ ঘোষণা করে,

এবং

যেহেতু এইরূপ বিশ্বাসঘাতকতামূলক আচরণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের আত্মনিয়ন্ত্রণের আইনানুগ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সনের ২৬ শে মার্চ তারিখে ঢাকায় যথাযথভাবে স্বাধীনতার ঘোষণা প্রদান করেন এবং বাংলাদেশের মর্যাদা ও অখণ্ডতা রক্ষার জন্য বাংলাদেশের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান,

এবং

যেহেতু একটি বর্বর ও নৃশংস যুদ্ধ পরিচালনায় পাকিস্তানী কর্তৃপক্ষ, অন্যান্যদের মধ্যে, বাংলাদেশের বেসামরিক ও নিরস্ত্র জনগণের উপর নজীরবিহীন নির্ধাতন ও গণহত্যার অসংখ্য অপরাধ সংঘঠন করিয়াছে এবং এখনও অনবরত করিয়া চলিতেছে,

এবং

যেহেতু পাকিস্তান সরকার একটি অন্যান্য মুদ্রা চাপাইয়া দিয়া, গণহত্যা করিয়া এবং অন্যান্য দমনমূলক কার্যকলাপের মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধিগণের পক্ষে একত্রিত হইয়া একটি সংবিধান প্রণয়ন এবং নিজেদের মধ্যে একটি সরকার প্রতিষ্ঠা করা অসম্ভব করিয়া তুলিয়াছে,

এবং

যেহেতু বাংলাদেশের জনগণ তাহাদের বীরত্ব, সাহসিকতা ও বিপ্লবী উদ্দীপনার মাধ্যমে বাংলাদেশের ভূখণ্ডের উপর তাহাদের কার্যকর কর্তৃত্ব প্রতিষ্ঠা করিয়াছে,

সেহেতু আমরা বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিগণ, বাংলাদেশের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী জনগণ কর্তৃক আমাদিগকে প্রদত্ত কর্তৃত্বের মর্যাদা রক্ষার্থে, নিজেদের সমন্বয়ে যথাযথভাবে একটি গণপরিষদরূপে গঠন করিলাম, এবং

পারস্পরিক আলোচনা করিয়া, এবং

বাংলাদেশের জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিত করণার্থে,

সার্বভৌম গণপ্রজাতন্ত্ররূপে বাংলাদেশের প্রতিষ্ঠা ঘোষণা করিলাম এবং তদ্বারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ইতিপূর্বে ঘোষিত স্বাধীনতা দৃঢ়ভাবে সমর্থন ও অনুমোদন করিলাম, এবং

এতদ্বারা দৃঢ়ভাবে ঘোষণা ও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, সংবিধান প্রণীত না হওয়া পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি থাকিবেন এবং সৈয়দ নজরুল ইসলাম প্রজাতন্ত্রের উপ-রাষ্ট্রপতি থাকিবেন, এবং

রাষ্ট্রপতি প্রজাতন্ত্রের সকল সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হইবেন,

ক্ষমা প্রদর্শনের ক্ষমতাসহ প্রজাতন্ত্রের সকল নির্বাহী ও আইন প্রণয়ন ক্ষমতা প্রয়োগ করিবেন,

একজন প্রধানমন্ত্রী নিয়োগ এবং তাহার বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য মন্ত্রী নিয়োগ ক্ষমতার অধিকারী হইবেন,

কর আরোপণ ও অর্থ ব্যয়ন ক্ষমতার অধিকারী হইবেন,

গণপরিষদ আহ্বান ও মূলতবিকরণ ক্ষমতার অধিকারী হইবেন, এবং

বাংলাদেশের জনগণকে একটি নিয়মতান্ত্রিক ও ন্যায্যনুগ সরকার প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য সকল কার্য করিতে পারিবেন।

আমরা বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিগণ আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, কোন কারণে রাষ্ট্রপতি না থাকা বা রাষ্ট্রপতি তাঁহার কার্যভার গ্রহণ করিতে অসমর্থ হওয়া বা তাঁহার ক্ষমতা প্রয়োগ করিতে অসমর্থ হওয়ার ক্ষেত্রে, রাষ্ট্রপতির উপর এতদ্বারা অর্পিত সমুদয় ক্ষমতা, কর্তব্য ও দায়িত্ব উপ-রাষ্ট্রপতির থাকিবে এবং তিনি উহা প্রয়োগ ও পালন করিবেন।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, জাতিমন্ডলীর সদস্য হিসাবে আমাদের উপর যে দায় ও দায়িত্ব বর্তাইবে উহা পালন ও বাস্তবায়ন করার এবং জাতিসংঘের সনদ মানিয়া চলার প্রতিশ্রুতি আমরা দিতেছি।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, স্বাধীনতার এই ঘোষণাপত্র ১৯৭১ সনের ২৬ শে মার্চ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, এই দলিল কার্যকর করার লক্ষ্যে এবং রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির শপথ পরিচালনার জন্য আমরা অধ্যাপক ইউসুফ আলীকে আমাদের যথাযথ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নিয়োগ করিলাম।

অধ্যাপক ইউসুফ আলী

বাংলাদেশের গণপরিষদের ক্ষমতাবলে ও
তদধীনে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

APPENDIX-XVII
২০১১ সনের ১৪ নং আইন

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient and necessary further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :—

1. Short title and commencement.—(1) This Act may be called the Constitution (Fifteenth Amendment) Act, 2011.

(2) It shall come into force at once.

2. Amendment in the beginning of the Constitution, above the Preamble.— In the beginning of the Constitution of the People's Republic of Bangladesh (hereinafter referred to as the Constitution), above the preamble, for the words, commas, signs and brackets "BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM (In the name of Allah, the Beneficent, the Merciful)," the following words, commas, signs and brackets shall be substituted, namely:—

"BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM
(In the name of Allah, the Beneficent, the Merciful)/
In the name of the Creator, the Merciful.".

3. Amendment of the Preamble of the Constitution.—In the Preamble of the Constitution—

(a) in the first paragraph, for the words "a historic war for national independence" the words "a historic struggle for national liberation" shall be substituted ; and

(b) for the second paragraph, the following paragraph shall be substituted, namely :—

"Pledging that the high ideals of nationalism, socialism, democracy and secularism, which inspired our heroic people to dedicate themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the national liberation struggle, shall be the fundamental principles of the Constitution ;".

4. Substitution of article 2A of the Constitution.—In the Constitution, for article 2A, the following article 2A shall be substituted, namely:—

"2A. **The State religion.**—The State religion of the Republic is Islam, but the State shall ensure equal status and equal right in the practice of the Hindu, Buddhist, Christian and other religions.".

5. Substitution of article 4A of the Constitution.—In the constitution, for article 4A, the following article 4A shall be substituted, namely:—

“4A. Portrait of the Father of the Nation.—The portrait of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman shall be preserved and displayed at the offices of the President, the Prime Minister, the Speaker and the Chief Justice and in head and branch offices of all government and semi-government offices, autonomous bodies, statutory public authorities, government and non-government educational institutions, embassies and missions of Bangladesh abroad.”.

6. Substitution of article 6 of the Constitution.—In the Constitution, for article 6, the following article 6 shall be substituted, namely:—

“6. Citizenship.—(1) The citizenship of Bangladesh shall be determined and regulated by law.

(2) The People of Bangladesh shall be known as Bangalees as a nation and the citizens of Bangladesh shall be known as Bangladeshies.”.

7. Insertion of new articles 7A and 7B in the Constitution.—In the Constitution, after article 7 the following two new articles 7A and 7B shall be inserted, namely:—

“7A. Offence of abrogation, suspension, etc. of the Constitution.—

(1) If any person, by show of force or use of force or by any other un-constitutional means—

- (a) abrogates, repeals or suspends or attempts or conspires to abrogate, repeal or suspend this Constitution or any of its article ; or
- (b) subverts or attempts or conspires to subvert the confidence, belief or reliance of the citizens to this Constitution or any of its article,

his such act shall be sedition and such person shall be guilty of sedition.

(2) If any person—

- (a) abets or instigates any act mentioned in clause (1) ; or
- (b) approves, condones, supports or ratifies such act,

his such act shall also be the same offence.

(3) Any person alleged to have committed the offence mentioned in this article shall be sentenced with the highest punishment prescribed for other offences by the existing laws.

7B. Basic provisions of the Constitution are not amendable.—Notwithstanding anything contained in article 142 of the Constitution, the preamble, all articles of part I, all articles of part II, subject to the provisions of Part IXA all articles of Part III, and the provisions of articles relating to the basic structures of the Constitution including article 150 of Part XI shall not be amendable by way of insertion, modification, substitution, repeal or by any other means.”.

8. **Amendment of article 8 of the Constitution.**—In the Constitution, in article 8, for clauses (1) and (1A), the following clause (1) shall be substituted, namely :—

“(1) The principles of nationalism, socialism, democracy and secularism, together with the principles derived from those as set out in this Part, shall constitute the fundamental principles of state policy.”.

9. **Substitution of article 9 of the Constitution.**—In the Constitution, for article 9, the following article 9 shall be substituted, namely:—

“9. **Nationalism.**—The unity and solidarity of the Bangalee nation, which, deriving its identity from its language and culture, attained sovereign and independent Bangladesh through a united and determined struggle in the war of independence, shall be the basis of Bangalee nationalism.”.

10. **Substitution of article 10 of the Constitution.**—In the Constitution, for article 10, the following article 10 shall be substituted, namely :—

“10. **Socialism and freedom from exploitation.**—A socialist economic system shall be established with a view to ensuring the attainment of a just and egalitarian society, free from the exploitation of man by man.”.

11. **Substitution of article 12 of the Constitution.**—In the Constitution for article 12, the following article 12 shall be substituted, namely:—

“12. **Secularism and freedom of religion.**— The principle of secularism shall be realised by the elimination of—

- (a) communalism in all its forms ;
- (b) the granting by the State of political status in favour of any religion ;
- (c) the abuse of religion for political purposes ;
- (d) any discrimination against, or persecution of, persons practicing a particular religion.”.

12. **Insertion of new article 18A.**—In the Constitution, after article 18, the following new article 18A shall be inserted, namely:—

“18A. **Protection and improvement of environment and bio-diversity.**—The State shall endeavour to protect and improve the environment and to preserve and safeguard the natural resources, bio-diversity, wetlands, forests and wild life for the present and future citizens.”.

13. **Amendment of article 19 of the Constitution.**—In the Constitution, in article 19, after clause (2), the following new clause (3) shall be added, namely:—

“(3) The State shall endeavour to ensure equality of opportunity and participation of women in all spheres of national life.”.

14. **Insertion of new article 23A in the Constitution.**—In the Constitution, after article 23, the following new article 23A shall be inserted, namely:—

“23A. **The culture of tribes, minor races, ethnic sects and communities.**—The State shall take steps to protect and develop the unique local culture and tradition of the tribes, minor races, ethnic sects and communities.”.

15. **Amendment of article 25 of the Constitution.**—In the Constitution, in article 25,—

(i) in clause (1), the figure and brackets “(1)” shall be omitted ; and
(ii) clause (2) shall be omitted.

16. **Substitution of article 38 of the Constitution.**—In the Constitution, for article 38, the following article 38 shall be substituted, namely.—

“38. **Freedom of association.**—Every citizen shall have the right to form associations or unions, subject to any reasonable restrictions imposed by law in the interests of morality or public order :

Provided that no person shall have the right to form, or be a member of the said association or union, if—

- (a) it is formed for the purposes of destroying the religious, social and communal harmony among the citizens ;
- (b) it is formed for the purposes of creating discrimination among the citizens, on the ground of religion, race, caste, sex, place of birth or language ;
- (c) it is formed for the purposes of organizing terrorist acts or militant activities against the State or the citizens or any other country ;
- (d) its formation and objects are inconsistent with the Constitution.”.

17. **Amendment of article 42 of the Constitution.**—In the Constitution, for clauses (2) and (3) of article 42, the following clause (2) shall be substituted, namely:—

“(2) A law made under clause (1) of this article shall provide for the acquisition, nationalisation or requisition with compensation and shall fix the amount of compensation or specify the principles on which, and the manner in which, the compensation is to be assessed and paid ; but no such law shall be called in question in any court on the ground that any provision of the law in respect of such compensation is not adequate.”.

18. Substitution of article 44 of the Constitution.—In the Constitution, for article 44, the following article 44 shall be substituted, namely:—

"44. Enforcement of fundamental rights.—(1) The right to move the High Court Division in accordance with clause (1) of article 102, for the enforcement of the rights conferred by this Part is guaranteed.

(2) Without prejudice to the powers of the High Court Division under article 102, Parliament may by law empower any other court, within the local limits of its jurisdiction, to exercise all or any of those powers."

19. Amendment of article 47 of the Constitution.—In the Constitution, in article 47,—

(i) in clause (2), for the proviso, the following proviso shall be substituted, namely:—

"Provided that nothing in this article shall prevent amendment, modification or repeal of any such law." ; and

(ii) in clause (3), after the words "auxiliary forces" the words and comma "or any individual, group of individuals or organisation" shall be inserted.

20. Omission of article 58A of the Constitution.—In the Constitution, article 58A shall be omitted.

21. Omission of CHAPTER IIA-NON-PARTY CARE-TAKER GOVERNMENT of the Constitution.—In the Constitution, "CHAPTER IIA-NON-PARTY CARE-TAKER GOVERNMENT" shall be omitted.

22. Substitution of article 61 of the Constitution.—In the Constitution, for article 61, the following article 61 shall be substituted, namely:—

"61. Supreme Command.—The supreme command of the defence services of Bangladesh shall vest in the President and the exercise thereof shall be regulated by law."

23. Amendment of article 65 of the Constitution.—In the Constitution in article 65,—

(i) in clause (3), for the words "forty five seats" the words "fifty seats" shall be substituted ; and

(ii) after clause (3), the following new clause (3A) shall be inserted, namely:—

"(3A) For the remaining period of the Parliament in existence at the time of the commencement of the Constitution (Fifteenth Amendment) Act, 2011, Parliament shall consist of three hundred members elected by direct election provided for in clause (2) and fifty women members provided for in clause (3)".

24. Amendment of article 66 of the Constitution.—In the Constitution, in article 66,—

- (i) in clause (2), in sub-clause (d), the word 'or' and sub-clause (dd) shall be omitted ;
- (ii) after the omitted sub-clause (dd), the following new sub-clauses (e) and (f) shall be inserted, namely:—

“(e) has been convicted of any offence under the Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 ;

(f) holds any office of profit in the service of the Republic other than an office which is declared by law not to be disqualified its holder ; or” ; and

- (iii) for clause (2A), the following clause (2A) shall be substituted, namely :—

“(2A) Notwithstanding anything contained in sub-clause (c) of clause (2) of this article, if any person being a citizen of Bangladesh by birth acquires the citizenship of a foreign State and thereafter such person—

- (i) in the case of dual citizenship, gives up the foreign citizenship ; or
- (ii) in other cases, again accepts the citizenship of Bangladesh—

for the purposes of this article, he shall not be deemed to acquire the citizenship of a foreign State.

- (iv) after clause (2A), the following clause (3) shall be inserted, namely :—

“(3) For the purposes of this article, a person shall not be deemed to hold an office of profit in the service of the Republic by reason only that he is the President, the Prime Minister, the Speaker, the Deputy Speaker, a Minister, Minister of State or Deputy Minister.”.

25. Substitution of article 70 of the Constitution.—In the Constitution, for article 70, the following article 70 shall be substituted, namely:—

“**70. Vacation of seat on resignation or voting against political party.**— A person elected as a member of Parliament at an election at which he was nominated as a candidate by a political party shall vacate his seat if he—

- (a) resigns from that party ; or
- (b) votes in Parliament against that party ;

but shall not thereby be disqualified for subsequent election as a member of Parliament.”.

26. Amendment of article 72 of the Constitution.—In the Constitution in first proviso of clause (1) of article 72 after the word "provided that" the following words "except the period of ninety days as mentioned in sub-clause (a) of clause (3) of article 123 for remaining term" shall be inserted.

27. Amendment of article 80 of the Constitution.—In the Constitution, in article 80,—

(i) For clause (3) the following clause (3) shall be substituted, namely :

"(3) The President within fifteen days after a Bill is presented to him, shall assent to the Bill or, in the case of a Bill other than a Money Bill, may return it to Parliament with a message requesting that the Bill or any particular provisions thereof be reconsidered, and that any amendments specified by him in the message be considered ; and if he fails so to do he shall be deemed to have assented to the Bill at the expiration of that period." ;

(ii) in clause (4), the words "by the votes of a majority of the total number of members of Parliament" shall be omitted.

28. Amendment of article 82 of the Constitution.—In the Constitution, in article 82, in the proviso, after the words "provided that" the words "in any Money Bill" shall be inserted.

29. Amendment of article 88 of the Constitution.—In the Constitution, in article 88,

(a) in para (b), for sub-para (ii), the following sub-para (ii) shall be substituted, namely :

"(ii) the Judges of the Supreme Court;" ;

(b) for para (c), the following para (c) shall be substituted, namely :

"(c) the administrative expenses of, including remuneration payable to, officers and servants of Parliament, the Supreme Court, the Comptroller and Auditor-General, the Election Commission and the Public Service Commissions."

30. Amendment of article 93 of the Constitution.—In the Constitution, in article 93, in clause (1), for the words "Parliament stands dissolved or is not in session" the following words "Parliament stands dissolved or is not in session" shall be substituted.

31. Substitution of CHAPTER I of PART VI of the Constitution.—In the Constitution, in Part VI, for the CHAPTER I, the following CHAPTER I shall be substituted, namely :

"CHAPTER I-THE SUPREME COURT

94. Establishment of Supreme Court.—

(1) There shall be a Supreme Court for Bangladesh (to be known as the Supreme Court of Bangladesh) comprising the Appellate Division and the High Court Division.

(2) The Supreme Court shall consist of the Chief Justice, to be known as the Chief Justice of Bangladesh, and such number of other Judges as the President may deem it necessary to appoint to each division.

(3) The Chief Justice, and the Judges appointed to the Appellate Division, shall sit only in that division, and the other Judges shall sit only in the High Court Division.

(4) Subject to the provisions of this Constitution the Chief Justice and the other Judges shall be independent in the exercise of their judicial functions.

95. Appointment of Judges. —

(1) The Chief Justice shall be appointed by the president, and the other Judges shall be appointed by the president after consultation with the Chief Justice.

(2) A person shall not be qualified for appointment as a Judge unless he is a citizen of Bangladesh and—

(a) has, for not less than ten years, been an advocate of the Supreme Court; or

(b) has, for not less than ten years, held judicial office in the territory of Bangladesh ; or

(c) has such qualifications as may be prescribed by law for appointment as a Judge of the Supreme Court.

(3) In this article, "Supreme Court" includes a Court which at any time before the commencement of this Constitution, exercised jurisdiction as a High Court in the territory of Bangladesh.

96. Tenure of office of Judges.—

(1) Subject to the other provisions of this article, a Judge shall hold office until he attains the age of sixty-seven years.

(2) A Judge shall not be removed from his office except in accordance with the following provisions of this article.

(3) There shall be a Supreme Judicial Council, in this article referred to as the Council, which shall consist of the chief Justice of Bangladesh, and the two next senior Judges :

Provided that if, at any time, the Council is inquiring into the capacity or conduct of a Judge who is a member of the Council, or a member of the Council is absent or is unable to act due to illness or other cause, the Judge who is next in seniority to those who are members of the Council shall act as such member.

- (4) The function of the Council shall be—
- (a) to prescribe a Code of Conduct to be observed by the Judges ; and
 - (b) to inquire into the capacity or conduct of a Judge or of any other functionary who is not removable from office except in like manner as a Judge.
- (5) Where, upon any information received from the Council or from any other source, the president has reason to apprehend that a Judge—
- (a) may have ceased to be capable of properly performing the functions of his office by reason of physical or mental incapacity, or
 - (b) may have been guilty of gross misconduct, the President may direct the Council to inquire into the matter and report its finding.
- (6) If, after making the inquiry, the Council reports to the President that in its opinion the Judge has ceased to be capable of properly performing the functions of his office or has been guilty of gross misconduct, the president shall, by order, remove the Judge from office.
- (7) For the purpose of an inquiry under this article, the council shall regulate its procedure and shall have, in respect of issue and execution of processes, the same power as the Supreme Court.
- (8) A Judge may resign his office by writing under his hand addressed to the President.

97. Temporary appointment of Chief Justice.—

If the office of the Chief Justice becomes vacant, or if the President is satisfied that the Chief Justice is, on account of absence, illness, or any other cause, unable to perform the functions of his office, those functions shall, until some other person has entered upon that office, or until the Chief Justice has resumed his duties, as the case may be, be performed by the next most senior Judge of the Appellate Division.

98. Additional Supreme Court Judges.—

